আল-ফিরদাউস

সংবাদ সমগ্র

জানুয়ারি, ২০২১ঈসায়ী

আল-ফিরদাউস

সংবাদ সমগ্র

জানুয়ারি, ২০২১ঈসায়ী

সূচিপত্র

৩১শে জানুয়ারি, ২০২১

বেতনের দাবিতে কলেজে শিক্ষকদের অবস্থান

গত বছরের মার্চ মাস থেকে বেতন পাচ্ছেন না রাজধানীর হাবিবুল্লাহ বাহার কলেজের শিক্ষক-কর্মচারীরা। এই বেতনের দাবিতে এবার আন্দোলনে নামলেন শিক্ষকরা।

গতকাল শনিবার দুপুর থেকে তারা কলেজে অবস্থান নিয়েছেন। কাল বেতন নিয়ে তারা কলেজের অধ্যক্ষের সাথে কথা বলেন।

কিন্তু অভিযোগ, অধ্যক্ষ তাদের উল্টো হুমকি দিচ্ছেন। তিনি গতকাল কোনো ধরনের আশ্বাস না দিয়ে কলেজ থেকে চলে যান। এরপর ওইদিন রাতেও কলেজে অবস্থান করে থাকেন শিক্ষকরা। আজ কলেজে অধ্যক্ষ উপস্থিত হলেও আন্দোলনরত শিক্ষকদের সাথে কথা বলছেন না।

নাম প্রকাশে অনিচ্ছুক কলেজের একজন শিক্ষক অভিযোগ করে বাংলাদেশ প্রতিদিনকে বলেন, দুর্নীতির মাধ্যমে কলেজ ফান্ডের কোটি কোটি টাকা আত্মসাৎ করেছেন অধ্যক্ষ। এ জন্য আমাদের বেতন দিতে পারছেন না।

এক প্রশ্নের জবাবে তিনি জানান, এটা করোনার কারণে বেতন দিতে পারছেন না, ব্যাপারটা এমন না। মূলত দুর্নীতির কারণে আমাদের বেতন বন্ধ হয়ে আছে।

রবিবারও আন্দোলনরত শিক্ষকরা কলেজে অবস্থান নিয়েছেন। তারা অধ্যক্ষের কক্ষ অবরুদ্ধ করে আছেন।

ওই শিক্ষক জানান, তাদের দাবি কলেজের গভর্নিং বডির কাছে তুলে ধরা হয়েছে। দাবি মানা না পর্যন্ত তাদের এই অবস্থান কর্মসূচি চলবে। তিনি জানান, কলেজে ১৪৫ জন শিক্ষক আছেন।

তাদের মধ্যে মাত্র ২৫ জন এমপিভুক্ত। বাকিরা মূলক কলেজের আয় থেকে বেতন পান। তবে তাদের ১০ মাসের বেতন না দেওয়া হলেও গত দুই মাস যাবৎ থুক বরাদ্দ থেকে কিছু টাকা দেওয়া হচ্ছে।

তবে এ অভিযোগ অস্বীকার করেছেন হাবিবুল্লাহ বাহার কলেজের অধ্যক্ষ ড. আব্দুল জব্বার মিয়া। তিনি গণমাধ্যমকে বলেন, ‘আমার বিরুদ্ধে যে অভিযোগ তোলা হয়েছে এগুলো সম্পূর্ণ ভিত্তিহীন, বানোয়াট। এরকম বহু শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকেরা করোনাকালীন কোথাও থেকে কোন সহায়তা পাননি। সরকারও একেবারেই উদাসীন এ ক্ষেত্রেও। বিডি প্রতিদিন

রায়গঞ্জের ইউএনও ও এসি ল্যান্ডের ক্ষমতার অপব্যবহার

রায়গঞ্জ উপজেলার ইউএনও ও এসি ল্যান্ডের বিরুদ্ধে ক্ষমতা অপব্যবহারের ঘটনায় বিচার বিভাগীয় তদন্ত চেয়ে হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় রিট দায়ের করা হয়েছে।

রোববার সুপ্রিম কোর্টের আইনজীবী মোহাম্মদ শিশির মনির বগুড়ার শেরপুরের বাসিন্দা মো: তৌহিদুল ইসলাম বিশ্বাসের পক্ষে ওই আবেদনটি দায়ের করেন।

আইনজীবী মোহাম্মদ শিশির মনির জানান, গত ২ ডিসেম্বর ২০২০ আবেদনকারীর ডেইরি ফার্মে সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলার এসি ল্যান্ড সুবির কুমার দাসের সাথে আবেদনকারীর বিশ্ববিদ্যালয় পড়ুয়া ছোট ভাই আহসান হাবিবের সামান্য ভুল বোঝাবুঝির সৃষ্টি হয়। পরে আবেদনকারীর আরেক ছোট ভাই একটি সরকারি কলেজের শিক্ষক তারিকুল ইসলামের উপস্থিতিতে মিটমাট হয়ে যায়।

কিন্তু ঘটনার ১ ঘণ্টা পর এসি ল্যান্ড রায়গঞ্জ থানার ১০ পুলিশ সদস্যকে আবেদনকারীর শেরপুরের বাড়িতে পাঠান। পুলিশ সদস্যরা ওই ঘটনায় খোঁজ খবর নেন। তারা আহসান হাবিবকে থানায় গিয়ে এসি ল্যান্ডের কাছে আরো একবার সরি বলার জন্য বলেন। আহসান যাবেন বলে জানান। কিন্তু পুলিশ স্থান ত্যাগ করার সময় আবেদনকারীর ছোট ভাই আরিফুল ইসলামকে ধরে থানায় নিয়ে যান। পরে উপজেলায় মোবাইল কোর্ট বসিয়ে এসি ল্যান্ড আরিফুলকে ২ মাসের কারাদণ্ড দেন। একই দিন এসি ল্যান্ডের নির্দেশে আবেদনকারীর ভাই তারিকুল ইসলামকে বেদম প্রহার করা হয়। ওই দিনেই রায়গঞ্জ উপজেলার ইউএনও তার প্রশাসনিক ক্ষমতা ব্যবহার করে তারিকুল ইসলামের বিরুদ্ধে ব্যবস্থা নিতে রংপুর কারমাইকেল কলেজ, পুলিশ ও প্রশাসনের কর্তা ব্যক্তিদের চিঠি পাঠান।

তিনি আরো একটি চিঠি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের ডিন ও সভাপতি বরাবর পাঠান। ওই চিঠিতে তিনি আবেদনকারীর ছোট ভাই আহসান হাবিবের বিরুদ্ধে ব্যবস্থা নিতে বলেন।

মোবাইল কোর্টের আদেশের কপি পাঁচ দিনের মধ্যে সরবরাহ করার বিধান থাকলেও ২৩ দিন পর তার আদেশ দেন। ঘটনার দিন থেকেই আবেদনকারীর পরিবার প্রশাসনিক হুমকির শিকার হচ্ছেন।

এ ঘটনার প্রেক্ষাপটে আবেদনকারী জনপ্রশাসন সচিব, জেলা প্রশাসক বরাবর আইনি নোটিশ পাঠান। কিন্তু এখনো ইউএনও ও এসিল্যান্ডের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেয়া হয়নি। নয়া দিগন্ত

বকেয়া বেতনের দাবিতে মিরপুরে পোশাক শ্রমিকদের বিক্ষোভ

বকেয়া বেতনের দাবিতে রাজধানীর মিরপুরে বিক্ষোভ করছেন পোশাক কারখানার শ্রমিকরা। আজ রবিবার (৩১ জানুয়ারি) সকালে মিরপুর ২ নম্বর সেকশনের সনি সিনেমা হলের সামনে এই বিক্ষোভ শুরু করেন শ্রমিকরা।

প্রত্যক্ষদর্শীরা জানায়, সকাল ৮টার দিকে সনি সিনেমা হলের সামনে অবস্থিত নিয়ে বিক্ষোভ করতে থাকেন ওই এলাকায় অবস্থিত কোরিয়ান জিনস ম্যানুফ্যাকচারিং কারখানার শ্রমিকরা। এসময় ওই সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়।

বিক্ষুব্ধ শ্রমিকরা বলেন, গত চার মাস ধরে বেতন দেওয়া হচ্ছে না। কর্তৃপক্ষ নানা অজুহাতে বেতন পরিশোধ করছে না। একপর্যায়ে রাস্তায় নামতে বাধ্য হয়েছেন তাঁরা। কালের কণ্ঠ

যদি মার্কিনীরা দেশ ত্যাগ না করে, তবে আমরা অবশ্যই তাদের হত্যা করব- তালেবান

আফগানিস্তানে শান্তি ফিরিয়ে আনতে এবং ইসলামি ব্যবস্থা নিশ্চিত করতে আবশ্যক হচ্ছে, কাবুল সরকারের পদত্যাগ এবং মার্কিন সৈন্যদের নির্দিষ্ট সময়ের মধ্যে আফগান ছেড়ে যাওয়া। আর যদি এমনটা না করা হয়, তবে আমরা মার্কিনীদদের হত্যা করবো। ইনশাআল্লাহ..

ইমারতে ইসলামিয়ার রাজনৈতিক কার্যালয়ের উপপ্রধান ও আলোচনাকারী দলের গুরুত্বপূর্ণ সদস্য শের মোহাম্মদ আব্বাস স্টানেকজাই (হাফিজাহুল্লাহ্) গত শুক্রবার মস্কোয় এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন।

তিনি বলেছিলেন যে, আফগানিস্তানে শান্তি প্রতিষ্ঠার পথে বর্তমানে একমাত্র বাধা আশরাফ গনির প্রশাসন, সে পদত্যাগ করলেই আফগানিস্তানে শান্তির প্রচেষ্টা শুরু হবে এবং তা সফলতার মুখ দেখবে।

তিনি বলেন, "এখানে পরিপূর্ণ ইসলামিক ব্যবস্থা নিশ্চিত হওয়ার পরে এবং গনি পদত্যাগ করলে আফগানিস্তানে যুদ্ধ শেষ হয়ে যাবে।" যতক্ষণ না দেশে ইসলামী ব্যবস্থা প্রতিষ্ঠিত হয় ততক্ষণ আমরা অস্ত্র রাখব না।

স্টানেকজাই স্পষ্ট জানিয়ে দিয়েছিলেন যে, তাঁরা আফগানিস্তানে পবিত্র এই জিহাদ শুরু করেছেন দখলদারিত্বের অবসান ঘটাতে এবং একটি পূর্ণাঙ্গ ইসলামিক রাষ্ট্র প্রতিষ্ঠার লক্ষ্যে। আর এ দুটি লক্ষ্য অর্জন না হওয়া পর্যন্ত আফগানিস্তানে জিহাদ অব্যাহত থাকবে।

তিনি পেন্টাগনে এই দাবিও অস্বীকার করেছেন যে, আল-কায়েদা সদস্যরা এখনও আফগানিস্তানে রয়েছেন। তিনি বলেন, আল-কায়েদার কোনও সদস্যই বর্তমানে তাদের নিয়ন্ত্রণাধীন এলাকায় নাই।

স্টানেকজাই পেন্টাগনের বক্তব্যকে রদ করে বলেছেন যে, "আমরা এই চুক্তিটি পুরোপুরি মেনে নিয়েছি। এখন আমেরিকানদের ও তাদের মিত্রদের উচিত এটি পরিপূর্ণরূপে মেনে চলা। আমাদের বাকী বন্দীদের দ্রুত মুক্তি দেওয়া এবং কালো তালিকাভুক্তি থেকে তালেবান উমারাদের নাম অপসারণ করা।

এদিকে নতুন মার্কিন প্রশাসন তালেবানদের উপর একরকম চাপ দেওয়ার জন্য বলেছিল যে, বাইডেন প্রশাসন দোহায় স্বাক্ষরিত চুক্তিটি পূণরায় বিবেচনা করে দেখবে। এর মাধ্যমে মূলত আমেরিকানরা এবং কাবুল প্রশাসন আশা করছিল যে, তালিবান অবশ্যই প্রতিরোধ ত্যাগ করবে এবং বিনা দ্বিধায় যুদ্ধবিরতিতে রাজি হবে, অন্যথায় দোহার চুক্তিগুলি ক্ষুণ্ন করার অযুহাত দেখাবে।

তবে তালেবান নেতাদের স্পষ্ট বক্তব্য তাদের স্বপ্নে জল ঢেলে দিয়েছে। তারা স্পষ্টই বলছিল যে, আমাদের জিহাদ দুটি লক্ষ্য অর্জনের জন্য শুরু হয়েছিল: প্রথম দখলদারিত্বের অবসান এবং আফগানিস্তানে পূর্ণাঙ্গ একটি ইসলামিক রাষ্ট্র প্রতিষ্ঠা করা। এই দুটি লক্ষ্য অর্জনের পথে যারাই বাধা হয়ে দাড়াবে আমরা তাদের বিরুদ্ধেই অস্ত্র ধরবো এবং আমাদের পবিত্র এই জিহাদ ততক্ষণ পর্যন্ত অব্যাহত থাকবে।

শুক্রবার জারি করা বিবৃতিতে স্টানেকজাই মার্কিনীদের সকল অভিযোগ অস্বীকার করে বলেন যে, এধরণের ভিত্তিহীন অভিযোগ ইতিপূর্বেও একাধিকবার করা হয়েছে। যার স্বপক্ষে তারা স্পষ্ট কোন প্রমাণ উপস্থিত করতে পারেনি। সুতরাং এখন সময় হয়েছে তালিবান বন্দীদের মুক্তি দেওয়ার, তালিবান নেতাদের নাম কালো তালিকাভুক্তি থেকে অপসারণ করার। শান্তি আলোচনাকে সফল করতে অবশ্যই আমেরিকা তাঁর পুতুল আশরাফকে পদত্যাগ করতে বাধ্য করতে হবে, যাতে চুক্তিতে বর্ণিত ইসলামী ব্যবস্থা যত তাড়াতাড়ি সম্ভব প্রতিষ্ঠিত হতে পারে।

তিনি বলেন, "আমেরিকানরা যদি আমাদের দেশ ত্যাগ না করে, তবে আমরা আমেরিকানদের অবশ্যই হত্যা করব। আর এজন্য সম্পূর্ণ দায়ি থাকবে আমেরিকা নিজেই"।

https://ibb.co/WsYhvTR

মাসিক রিপোর্ট | কেবল কুন্দুজেই ৪৪৫ কাবুল সৈন্যের তালেবানে যোগদান

গত এক মাসে আফগানিস্তানের কুন্দুজ প্রদেশের আটটি জেলা থেকেই ৪৪৫ জন কাবুল সরকারী কর্মকর্তা তাদের সামরিক পদ থেকে পদত্যাগ করেছেন। পরে তারা তালেবানদের কাছে আত্মসমর্পণ করেন।

রিপোর্ট অনুযায়ী, তালেবানে যোগদানকারী সৈন্যদের মধ্যে ১৭৪ জন ইমাম সাহেব জেলা থেকে, ৫৬ জন খান আবাদ জেলা থেকে, ৩২ জন দাশ্তআরচি জেলা থেকে, ২৪ জন আলিয়াবাদ জেলা থেকে, ২৩ জন ছাহার-দারা জেলা থেকে, ৭ জন কিলয়াহ-জাল জেলা থেকে, ৫ জন টেপা জেলা থেকে এবং ২৪ জন কেন্দ্রীয় কুন্দুজ থেকে আত্মসমর্পণ করেছেন। তালেবানে যোগদানকারী এসব সৈন্যদের স্বাগত জানায় ইমারতে ইসলামিয়ার দাওয়াহ্ ও দিকনির্দেশনা বিভাগের কর্তৃপক্ষ।

খোরাসান | তালেবানে যোগ দিল ৮৮ কাবুল সৈন্য

আফগানিস্তানের তাখর, নানগারহর ও কুন্দুজ প্রদেশ থেকে কাবুল সরকারের ৮৮ জন নিরাপত্তা কর্মী সামরিক পদ থেকে পদত্যাগের ঘোষণা দিয়েছে এবং তালেবানদের সাথে মিলিত হয়েছেন।

রিপোর্ট অনুযায়ী, ইমারতে ইসলামিয়ার দাওয়াহ কমিশনের কর্মকর্তাদের প্রচেষ্টায় এবং আমির-উল-মুমিনীনের সাধারণ ক্ষমা ঘোষণার পরে, গত ৩০ জানুয়ারি শনিবার তখর প্রদেশের আশমাক্স জেলার বিভিন্ন এলাকা থেকে কাবুল প্রশাসনের চার কমান্ডার সহ ৬০ জন সেনা সদস্য সামরিক বাহিনী থেকে পদত্যাগ করে তালেবান মুজাহিদদের সাথে যোগ দিয়েছেন।

এমনিভাবে নানগারহার প্রদেশের বিভিন্ন এলাকা থেকে ১৯ জন নিরাপত্তা কর্মী এবং কুন্দুজ প্রদেশ থেকে ৯ জন সেনা সদস্য, সত্য ঘটনা উপলব্ধি করার পর কাবুল বাহিনী থেকে পদত্যাগ ঘোষণা দিয়েছেন।

সোমালিয়া | মুজাহিদদের হামলায় ১০ ক্রুসেডার সৈন্য হতাহত

আফ্রিকার পূর্বাঞ্চলীয় দেশ সোমালিয়ায় দখলদার ও ক্রুসেডার বাহিনীর উপর পৃথক দু'টি হামলা চালিয়েছে আল-কায়েদা। এতে কমপক্ষে ১১ সৈন্য হতাহত হয়েছে।

রিপোর্ট অনুযায়ী, গত ৩০ জানুয়ারি শনিবার, দক্ষিণ সোমালিয়ার শাবেলী সুফলা রাজ্যের শালানবুদ শহরে ক্রুসেডার উগান্ডান সৈন্যদের উপর ২টি সফল বোমা হামলা চালিয়েছে আল-কায়েদা শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এতে সোমালীয় এক মুরতাদ সৈন্যসহ ৭ ক্রুসেডার সৈন্য নিহত ও আহত হয়েছে। মুজাহিদদের বোমা হামলায় ধ্বংস হয়েছে ক্রুসেডার বাহিনীর একটি সামরিকযান।

এমনিভাবে দক্ষিণ-পশ্চিম সোমালিয়ার বাইবুকুল রাজ্যের হুদুর এবং আইল_বারদী শহরের মধ্যে রাস্তায় হারাকাতুশ শাবাব মুজাহিদদের লাগানো বিস্ফোরক বিস্ফোরণের শিকার হয় ক্রুসেডার ইথিওপীয় বাহিনী। এতে ক্রুসেডার বাহিনীর দুই বিস্ফোরক বিশেষজ্ঞ নিহত এবং অন্য এক বিশেষজ্ঞ আহত হয়।

এছাড়াও এদিন হারাকাতুশ শাবাব মুজাহিদিন, রাজধানী মোগাদিশু, যুবা এবং শাবর সুফলা রাজ্যে মুরতাদ বাহিনীর উপর আরো ৫টি সফল অভিযান পরিচালনা করেছেন। যার ফলে ডজনখানেক মুরতাদ সৈন্য হতাহত হয়েছে।

পাকিস্তান | মুরতাদ সেনাদের উপর টিটিপির হামলা, গোয়েন্দা অফিসারসহ নিহত ৩

পাকিস্তানের পেশোয়ারে পুলিশ ও মাহমান্দ এজেন্সিতে মুরতাদ সেনাবাহিনীর উপর পৃথক ২টি হামলার ঘটনা ঘটেছে। এতে গোয়েন্দা অফিসারসহ ৩ মুরতাদ সদস্য নিহত হয়েছে।

রিপোর্ট অনুযায়ী, ৩০ জানুয়ারি শনিবার সন্ধ্যায়, খাইবার পাখতুনখার রাজধানী পেশোয়ারের কেন্দ্রীয় কারাগারের কাছে সিটিডি কর্মীদের উপর সশস্ত্র হামলা করেছেন।

দুজন সশস্ত্র ব্যক্তি মুরতাদ বাহিনীর গাড়ি লক্ষ্য করে হামলা চালায়, এতে সিটিডির 'খুশদল খান' নামক এক পরিদর্শক নিহত এবং তার সাথে থাকা অন্য এক বন্দুকধারী আহত হয়। খুশদল খানের উপর এমন সময় হামলা চালানো হয়, যখন সে গোয়েন্দা বিভাগের ডিউটিতে ছিল। হামলাকারীরা হামলার পরে নিরাপদে ঘটনাস্থল ত্যাগ করেন।

অপরদিকে, মাহমান্দ এজেন্সির বাইজাই সীমান্ত এলাকায় পাক মুরতাদ বাহিনীর পোস্টের কাছে সেনা সদস্যদের উপর স্নাইপার হামলার ঘটনা ঘটেছে। অজ্ঞাত স্থান থেকে চালিত সেই স্নাইপার হামলায় এক সেনা অফিসার নিহত হয়।

তেহরিক-ই-তালিবান পাকিস্তানের (টিটিপি) মুখপাত্র মুহাম্মদ খোরাসানী হাফিজাহুল্লাহ্ এই হামলার দায় স্বীকার করেছেন।

ভারতীয় মালাউনদের দমন-পীড়ন: মানসিক চাপে হৃদরোগে মৃত্যু বাড়ছে কাশ্মীরিদের

২০১৮ সালের ৫ আগস্ট দখলদার ভারত সরকার কর্তৃক কাশ্মীরের বিশেষ মর্যাদা কেড়ে নেওয়ার পর থেকে সাধারণ কাশ্মীরিরা সীমাহীন মানসিক ও শারীরিক নির্যাতনের শিকার হচ্ছেন।

দেড় বছর ধরে কাশ্মীরিদের প্রায় সমস্ত গুরুত্বপূর্ণ প্রশাসনিক পদ থেকে সরিয়ে দিয়ে অ-কাশ্মীরি অফিসারদের তাদের স্থলাভিষিক্ত করেছে ভারতের দখলদার সরকার। যারা কাশ্মিরের স্থানীয় প্রশাসনিক বিষয়গুলিও ভারতের পক্ষপাতদুষ্ট রাজনীতির দৃষ্টিকোণ থেকে দেখছে। যে কারণে প্রতিনিয়ত কাশ্মীরের নাগরিকরা নতুন নতুন সমস্যার সম্মুখীন হচ্ছেন।

যেমন, এই শীতে এখন পর্যন্ত কয়েকবার প্রবল তুষারপাত হয়েছে কাশ্মীরে, কিন্তু প্রশাসনের পক্ষ থেকে রাস্তা ও বিভিন্ন এলাকার গলি থেকে বরফ হয়তো অনেক দেরিতে সরানো হয়েছে অথবা একেবারেই সরানো হয়নি। এতে সাধারণ কাশ্মীরিদের চলাচলে ব্যাপক সমস্যার সম্মুখীন হতে হয়েছে।

শীত মৌসুমে ভারি তুষারপাত ও প্রশাসনের দায়িত্বহীনতায় অবস্থা এমন পর্যায়ে দাঁড়িয়েছে যে, কেউ কেউ বলছেন ২০১৮-এর ৫ আগস্টের পর কাশ্মীরিদের ওপর চাপিয়ে দেওয়া কারফিউ ও করোনা ভাইরাসের কারণে জারি করা লকডাউনের পর কাশ্মীরে এখন যেন তৃতীয় কোন লকডাউন চলছে।

নিম্ন তাপমাত্রা, বৈরি আবহাওয়া ও তুষারপাতের কারণে রাস্তায় গাড়ি চালানো তো দূরের কথা হেঁটে চলাচল করাও কঠিন হয়ে গেছে। যে কারণে মুমূর্ষূ রোগীদের কাছেও জরুরী সেবা পৌঁছানো যাচ্ছে না। এতে করে কেউ ইন্তেকাল করলে তার দাফন-কাফনের কাজও কঠিন হয়ে যাচ্ছে। মৃতের আত্মীয়-স্বজনদের জন্যও প্রিয়জনকে শেষ মুহূর্তে একবার দেখার সুযোগ হচ্ছে না। প্রিয়জনকে হারানোর ব্যথা বুকে চাপা দিয়ে রাখতে হচ্ছে কাশ্মীরিদের।

নিয়াজ আহমাদ একটি সরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক ছিলেন। মরহুমের বাবা উত্তরাধিকার সূত্রে তাদের জন্য অনেক সম্পত্তি রেখে গেছেন। তিনি তার মা ও তিন ভাইকে নিয়ে এক সাথে থাকতেন। স্ত্রী ও দুই সন্তান নিয়ে তার সুখের সংসার ছিল। কোন ধরণের আর্থিক ও পারিবারিক সমস্যায়ও ভুগছিলেন না নিয়াজ আহমাদ। তারপরও ৪৫ বছর বয়সী নিয়াজ আহমাদের হৃদযন্ত্র হঠাৎ কাজ করা বন্ধ করে দিল।

যেকোন অবস্থায় মানুষের মৃত্যু নির্ধারিত –সেদিক বিবেচনায় এই মৃত্যু স্বাভাবিক ধরে নেওয়া যেতে পারে। কিন্তু কাশ্মীরে দিনদিন এমন মৃত্যু উদ্বেগজনক হারে বেড়ে চলেছে।

চলতি মাসের (জানুয়ারি) প্রথম ১৮ দিনেই ৩০-এর অধিক কাশ্মীরি যুবক হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেছেন- অবস্থা কতটা শোচনীয় তা এই সমীক্ষার দিকে নজর দিলেই বুঝে আসে।

২০১৮-এর ৫ আগস্টে ভারতের দখলদার সরকার কাশ্মীরের বিশেষ মর্যাদা কেড়ে নেওয়ার পর থেকে কাশ্মীরিদের মাঝে নিরাপত্তহীনতা ও অসহায়ত্ববোধ দিনদিন বেড়ে চলেছে।

পরিবর্তিত রাজনৈতিক পরিস্থিতি এবং এর সাথে যুক্ত হওয়া নতুন বিধিনিষেধের কারণে সাধারণ মানুষের প্রতিদিনের জীবনযাত্রায় যে পরিমাণ সমস্যা বেড়েছে, তা শব্দে বর্ণনা করা আমার পক্ষে সম্ভব নয়।

একারণেই কাশ্মীরের সাধারণ নাগরিক ও যুবক শ্রেণী দিনদিন বিভিন্ন ডিপ্রেশন ও মানসিক চাপে ভুগছেন।

প্রায় এক বছরের বেশি সময় হয়ে গেল আমি কাশ্মিরের বাইরে অবস্থান করছি। কিন্তু সেখানে আমার জানাশোনা এক ডজনেরও বেশি মানুষ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেছেন এই সময়ের মধ্যে। যাদের অধিকাংশই ছিল যুবক।

এদের মধ্যে আলীগড় ইউনিভার্সিটির শিক্ষার্থী আমার এক নিকটাত্মীয়ের ভাতিজি ও একজন শিক্ষকও ছিলেন। এছাড়াও আমাদের প্রতিবেশি এক নববধূর স্বামীও রয়েছেন। যাদের বিয়ের মাত্র দু সপ্তাহ পার হয়েছে।

কাশ্মীরে কর্মরত চিকিৎসকদের মতে, গত দুই বছরে কাশ্মীরি যুবকদের মধ্যে হার্ট অ্যাটাকের কারণে মৃত্যুর সংখ্যা নাটকীয়ভাবে বেড়েছে। কাশ্মিরে হার্ট এ্যাটাকে মৃতের সংখ্যা ৫০ শতাংশ হতে পারে বলেও কিছু কিছু প্রতিবেদনে বলা হয়েছে।

ভারতের নানামাত্রিক বিধি-নিষেধ ও জুলুমের কারণে ডিপ্রেশন এবং দীর্ঘ দিন পর্যন্ত এক জায়গায় বন্দী থাকাকে কাশ্মিরীদের হার্ট এ্যাটাকে মৃত্যু বেড়ে যাওয়ার বড় একটি কারণ বলে মত বিশ্লেষকদের।

দীর্ঘ দিনের কারফিউ এবং দমন পীড়নের কারণে কাশ্মিরীদের নিজেদের ঘর-বাড়ি ও এলাকায় বন্দী জীবন পার করতে হচ্ছে প্রায় দুবছর ধরে।

দিনদিন ভারতের পক্ষ থেকে বিভিন্ন আইন প্রয়োগ কেড়ে নিয়েছে কাশ্মিরীদের হাসি-খুশি স্বাভাবিক জীবন। একারণেই কাশ্মীরিদের মাঝে নানারকম ডিপ্রেশন দেখা দিচ্ছে, সাথে বেড়ে চলেছে হার্ট এ্যাটাকে মৃত্যু।

গেন্ডারব্যাল এলাকার আবদুল সামাদ খান্দে হৃদরোগে আক্রান্ত হয়ে মারা গেছেন। তার লাশ বাড়িতে পৌঁছালে তার ছোট বোন রাজা বানু সেই দৃশ্য সহ্য করতে না পেরে হৃদরোগে আক্রান্ত হয়ে মারা গেছেন। আল্লাহ তায়ালা কাশ্মীরিদের জীবন সহজ করুন।

ডেইলি জং

ফ্রান্সে ইসলাম বিরোধী হামলা গত বছর বেড়েছে ৫৩ শতাংশ

ফ্রান্সে সামাজিক যোগাযোগ মাধ্যমের সাইটগুলোতে ইসলাম ও মুসলমানদের সম্পর্কে মিথ্যাচার এবং মুসলিম বিরোধী ঘৃণ্য ইমেল এবং বার্তা উদ্বেগজনক হারে বৃদ্ধি পেয়েছে।

গত বছরের তুলনায় ফ্রান্সে ইসলামবিরোধী আক্রমণ ৫৩ শতাংশ বৃদ্ধি পাওয়ার ঘটনা দেখা গেছে।

ফরাসী ইসলামিক কাউন্সিলের অধিভুক্ত ফরাসি ইসলামোফোবিয়া ওয়াচ হাউজের সভাপতি আবদুল্লাহ যিকরী এক লিখিত বিবৃতিতে বলেছেন, দেশে সবচে বেশি রোহান্স, আল্পস, পাচা এবং প্যারিসে মুসলমানবিরোধী আক্রমণ চালানো হয়েছে।

গত বছর মুসলমানদের উপর ২৩৫ টি হামলার কথা উল্লেখ করে যিকরী বলেন, এক বছর আগে এই সংখ্যা ছিল ১৫৪ টি। এছাড়াও, ২০২০ সালে মসজিদে হামলার পরিমাণ ৩৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

তিনি বলেন, গত বছর সিএফসিএম কেন্দ্র বা এর দায়িত্বশীলদেরকে হুমকিপূর্ণ চিঠি পাঠানো হয়। সামাজিক যোগাযোগের সাইটে ইসলাম ও মুসলমানদের সম্পর্কে মিথ্যাচার এবং মুসলিম বিরোধী ঘৃণ্য ইমেইল বার্তা ব্যাপক উদ্বেগ সৃষ্টি করেছে।

ইসলাম ও সন্ত্রাসবাদের মধ্যে কোনও যোগসূত্র নেই বলে জোর দিয়ে যিকরী উল্লেখ করেন যে, ফ্রান্সে মুসলিম ও অন্যান্য ধর্মীয়দের ধর্মীয় স্বাধীনতা উপভোগ করা উচিত।

টিআরটি

এবার ক্যালিফোর্নিয়ায় করাত দিয়ে কাটা হল গান্ধীমূর্তি

আমেরিকার ক্যালিফোর্নিয়ার ডেভিস অঞ্চলে করাত জাতীয় কিছু দিয়ে কেটে ভাঙা হয়েছে গান্ধীর মূর্তি।

ক্যালিফোর্নিয়ার ডেভিস অঞ্চলের সেন্ট্রাল পার্কে সাড়ে ছ' ফুট লম্বা ৬৫০ পাউন্ড (২৯৪ কেজি) ব্রোঞ্জের মূর্তিটিকে গোড়ালি থেকে করাত জাতীয় কিছু দিয়ে কেটে ফেলা হয়েছে। মুখাবয়বের অর্ধেক কিছু অংশ কেটে ফেলা হয়েছে এবং সেই অংশ উধাও। পার্কের এক কর্মীর চোখে ২৭ জানুয়ারি সকালে প্রথম এই ঘটনা ধরা পড়ে।

ঠিক কখন এই ঘটনা ঘটেছে তা তদন্তকারীরা এখনও জানতে পারেননি।ভারত সরকারের পক্ষ থেকে চার বছর আগে বসানো হয় মূর্তিটিকে।

তবে, মূর্তি বসানোর সময় প্রবল বিরোধিতা করেছিল কিছু গান্ধী-বিরোধী এবং ভারত-বিরোধী সংগঠন। এদের নেতৃত্বে ছিল অর্গানাইজেশন ফর মাইনরিটিজ ইন ইন্ডিয়া (ওএফএমআই)। বিরোধিতা সত্ত্বেও মূর্তি বসানোর পক্ষেই ভোট দেয় ডেভিস প্রশাসন। তারপর থেকে গান্ধীমূর্তি সরানোর দাবিতে প্রতিবাদ কর্মসূচি চালিয়ে যাচ্ছিল ওএমএফআই।

সূত্র: *আজকাল*

সুন্নি সংগঠনের প্রধানকে ফাঁসি দিল ইরান

সুন্নি মুসলিমদের সংগঠন জাইশ আল-আদলের প্রধান জাভিদ দেহগানকে ফাঁসি দিয়েছে শিয়া সন্ত্রাসী ইরান। তার বিরুদ্ধে রেভ্যুলুশনারি গার্ডের দুই সদস্যকে হত্যার কথিত অভিযোগ এনেছে তেহরান।

ইরানের বিচার বিভাগের ওয়েবসাইটে তাঁকে ফাঁসি দেওয়ার বিষয়টি জানানো হয়েছে।

উল্লেখ্য যে, ইরানে সুন্নি মুসলিমদের নানা জুলুম-নির্যাতনের শিকার হতে হয়। অসংখ্য সুন্নি মুসলিমকে বিভিন্ন ইস্যুতে ফাসি দিয়েছে ইরান। শিয়ারা সুন্নি মুসলিমদের প্রতি এতটাই বিদ্বেষ পোষণ করে থাকে যে দেশটিতে উসমান, উমর, আয়েশা নাম পর্যন্ত রাখতে পারেনা।

সন্ত্রাসী ইসরায়েলের সাথে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের ঘোষণা দিল কসোভো

সন্ত্রাসী ইসরায়েলের সাতে আনুষ্ঠানিক কূটনৈতিক সম্পর্ক স্থাপনের ঘোষণা দিল ইউরোপের মুসলিম দেশ কসোভো। আগামী সপ্তাহে এ নিয়ে দুই দেশের মধ্য একটি চুক্তি সম্পন্ন বলে প্রিস্টিনা সরকার জানিয়েছে।

আরব নিউজের মাধ্যমে জানা যায়, সন্ত্রাসী ইসরায়েলের সাথে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের বিষয়টিকে ঐতিহাসিক মুহূর্ত বলে আখ্যা দিয়েছেন কসোভোর পররাষ্ট্রমন্ত্রী মেলিজা হারাদিনাজ স্তবেলা।

গত শুক্রবার সে জানায়, ১ ফেব্রুয়ারি একটি ভার্চুয়াল আনুষ্ঠানিকতার মাধ্যমে ইসরায়েলের সাতে কসোভোর চুক্তি সম্পন্ন হবে।

ক্ষমতা ছাড়ার আগে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দুই দেশের মধ্যে সম্পর্ক স্থাপনের জন্য সমঝোতা করেন। গত বছর ট্রাম্পের মধ্যস্থতায় আরব আমিরাত, বাহরাইন, সুদান ও মরক্কো সন্ত্রাসী অবৈধ রাষ্ট্র ইসরায়েলের সাথে কূটনৈতিক সম্পর্কে গড়ে।

মেলিজা হারাদিনাজ বলেছে, ‘ইসরায়েলকে স্বীকৃতি দিতে পারা কসোভোর জন্য অন্যতম সেরা অর্জন। এটা আমাদের জন্য একটি গুরুত্বপূর্ণ মুহূর্ত। এর জন্য আমাদের উভয়ের চিরস্থায়ী মিত্র যুক্তরাষ্ট্রকে ধন্যবাদ জানাই।’

গত সেপ্টেম্বরে হোয়াইট হাউসে কসোভো-সার্বিয়ার নেতাদের নিয়ে বৈঠক করেন ডোনাল্ড ট্রাম্প। সেখানে সিদ্ধান্ত হয় যে, কসোভোর ইসরায়েলের সাতে আনুষ্ঠানিক সম্পর্ক স্থাপন করবে।

একই সাথে সার্বিয়াও রাজি হয়, ইসরায়েলে তাদের দূতাবাস জেরুজালেমে স্থানান্তর করার। ২০১৭ সালে প্রবল বিরোধিতার মধ্যে জেরুজালেমকে ইসরায়েলের রাজধানী হিসেবে স্বীকৃতি দিয়ে সেখানে মার্কিন দূতাবাস স্থানান্তরের ঘোষণা দেয় ক্রুসেডার ট্রাম্প। পরের বছর জেরুজালেমে দূতাবাস স্থানান্তর করে উদ্বোধন করে ট্রাম্প।

৩০শে জানুয়ারি, ২০২১

চুক্তি অনুযায়ী আফগানিস্তান ছাড়তে মার্কিন সেনাদের হুঁশিয়ারী দিয়েছে তালেবান

ক্রুসেডার মার্কিন সেনাদের আফগানিস্তান ছাড়তে হবে, তা না হলে তাদের কঠিন মূল্য দিতে হবে বলে হুঁশিয়ারী উচ্চারণ করেছে তালেবান। এছাড়া, তালেবান দোহা চুক্তি মেনে চলছে না বলে আমেরিকা যে অভিযোগ তুলেছে তাও নাকচ করে দিয়েছে তালেবান। গতকাল শুক্রবার এক টুইটার বার্তায় তালেবানের মুখপাত্র জবিউল্লাহ মুজাহিদ এসব কথা বলেন।

মার্কিন সেনা সদরদপ্তর পেন্টাগনের মুখপাত্র জন কিরবির এক বক্তব্যের জবাবে জবিউল্লাহ মুজাহিদ টুইটারে এ পোস্ট দিয়েছেন। জন কিরবি বলেছেন, তালেবান দোহা চুক্তির প্রতি সম্মান দেখাচ্ছে না এবং তারা যতক্ষণ পর্যন্ত চুক্তির প্রতি প্রতিশ্রুতিবদ্ধ না হবে ততক্ষণ পর্যন্ত আফগানিস্তান থেকে সেনা প্রত্যাহার করা হবে না।

গত বছরের ফেব্রুয়ারি মাসে কাতারের রাজধানী দোহায় তালেবান ও আমেরিকার মধ্যে একটি চুক্তি হয় যাতে আফগানিস্তান থেকে সেনা প্রত্যাহারের প্রতিশ্রুতি দেয় আমেরিকা। অন্যদিকে, তালেবান মার্কিন সেনাদের ওপর হামলা বন্ধ করার প্রতিশ্রুতি দিয়েছিল।

এ প্রসঙ্গে জাবিউল্লাহ মুজাহিদ বলেন, চুক্তির প্রতি তালিবান সম্মান দেখাচ্ছে না বলে পেন্টাগন যে দাবি করছে তা মিথ্যা। তিনি দাবি করেন, তালেবান ওই চুক্তির প্রতিটি ধারা-উপধারা মেনে চলতে প্রতিশ্রুতিবদ্ধ এবং চুক্তির প্রতি পূর্ণ সম্মান দেখাচ্ছে।

লাগামহীন চালের বাজার, নেই সরকারের নিয়ন্ত্রণ

কিছুতেই নিয়ন্ত্রণে আসছে না চালের বাজার। মিলগেটে দাম বেঁধে দেওয়া থেকে শুরু করে সরকারের চাল আমদানির সিদ্ধান্তও বদলাতে পারছে না বাজারচিত্র। গত সপ্তাহ থেকে রাজধানীর বাজারে পাওয়া যাচ্ছে আমদানি করা ভারতীয় চাল। তবে সরবরাহ খুবই কম ও দামে বেশি হওয়ায় তা বাজারে কোনো প্রভাব ফেলেনি। এদিকে আমদানির খবরে পাইকারিতে দাম কয়েক দফা ওঠানামা করলেও খুচরায় চালের দাম এখনো আগের মতোই চড়া রয়েছে।

রাজধানীর খুচরা বাজারে সরু মিনিকেট চাল এখন বিক্রি হচ্ছে ৬০ থেকে ৬২ টাকা কেজি দরে। অন্যদিকে মাঝারি বিআর আটাশ চাল ৫০ থেকে ৫২ টাকা কেজি এবং মোটা চাল বিক্রি হচ্ছে ৪৮ থেকে ৫০ টাকায়। এ ছাড়া নাজিরশাইল বিক্রি হচ্ছে সর্বোচ্চ ৬৮ টাকা কেজি দরে। সরকারি বিপণন সংস্থা টিসিবির হিসাবেও গত এক সপ্তাহের ব্যবধানে মাঝারি চালের দাম বেড়েছে ৪ দশমিক ৭৬ শতাংশ। মোটা চালের দাম বেড়েছে ৩ দশমিক ৩৭ শতাংশ।

পাইকারি ব্যবসায়ীরা বলছেন, মিলগেটগুলোয় সরকারি দাম মানা হচ্ছে না। আগের মতোই বেশি দামে চাল কিনতে হচ্ছে তাদের। অন্যদিকে আমদানির সিদ্ধান্তের পর মাসখানেক সময় পার হলেও বাজারে পুরোপুরি ওঠেনি সে চাল। তাই বাজারদরের তেমন হেরফের হয়নি।

সরকার বেসরকারিভাবে আমদানি বাড়াতে গত ৭ জানুয়ারি চালের মোট করভার ৬২ থেকে কমিয়ে ২৫ শতাংশে নামিয়ে আনে এবং ১০ লাখ টন চাল আমদানির অনুমতি দেওয়া হয়। সরকারের এ উদ্যোগের এক মাস পার হতে চললেও বাজারে মিলছে না কোনো সুফল। ব্যবসায়ীরা বলছেন, চাল আমদানি হচ্ছে ঢিলেঢালা তালে। তা ছাড়া বাজারেও তা ঠিকঠাক পৌঁছাচ্ছে না।

বেনাপোল স্থলবন্দর দিয়ে চাল আমদানিকারকরা বলছেন, কাগজপত্রের ত্রুটি ও সিরিয়ালের নামে ট্রাক দিনের পর দিন আটকে থাকায় এ বন্দর দিয়ে ভারত থেকে আমদানিতে ধীরগতি বেড়েছে। বেনাপোল চেকপোস্ট কাস্টমস কার্গো শাখার রাজস্ব কর্মকর্তা শহিদুল ইসলাম জানান, গত ১৯ জানুয়ারি থেকে ২৭ জানুয়ারি পর্যন্ত বেনাপোল বন্দর দিয়ে ভারত থেকে ২ হাজার ১১০ মে. টন চাল আমদানি হয়েছে। এর মধ্যে রেলে এসেছে ১ হাজার ৬৪০ মে. টন এবং ট্রাকে ৪৭০ মে. টন চাল প্রবেশ করে।

অন্যদিকে দিনাজপুরের হিলি স্থলবন্দরে গত ৯ জানুয়ারি থেকে চাল আমদানি শুরু হয়। প্রথম চালানে আসে ১১২ মেট্রিক টন চাল। হিলি স্থলবন্দর সূত্রে জানা গেছে, এ বন্দর দিয়ে প্রতিদিন ১৫ থেকে ২০ ট্রাক চাল আমদানি করা হয়। গত ২৮ জানুয়ারি পর্যন্ত হিলি স্থলবন্দর দিয়ে মোট ১০ হাজার ৬৯৩ মেট্রিক টন চাল আমদানি করা হয়েছে।

রাজধানীর কারওয়ানবাজারের কিচেন মার্কেটের বরিশাল রাইস এজেন্সির ব্যবসায়ী মো. জাহিদ হোসেন বলেন, তিন-চারদিন হলো বাজারে আমদানি করা ভারতীয় চাল এসেছে। তবে পরিমাণে খুবই কম। দামেও যে কম, তা নয়। নিলাভোগ, বিজয়ভোগসহ বেশ কয়েকটি ব্র্যান্ডের চাল পাওয়া যাচ্ছে। পাইকারিতে এ চালে বস্তা (২৫ কেজি) বিক্রি হচ্ছে ১ হাজার ৪২৫ টাকা থেকে ১ হাজার ৪৫০ টাকা পর্যন্ত। প্রতি কেজি ৫৭ থেকে ৫৮ টাকা দরে, যেখানে মিনিকেট বিক্রি করছি ৬০ থেকে ৬১ টাকা কেজি। ভারতীয় এ চাল দামে বেশি হওয়ায় বাজারে তেমন একটা প্রভাব ফেলতে পারেনি।

একই বাজারের মেসার্স জনপ্রিয় রাইস এজেন্সির ব্যবসায়ী মো. আমির হোসেন বলেন, সরকারের চাল আমদানির সিদ্ধান্তের পর বাজারে বেশ কয়েকবার দাম ওঠানামা করেছে। কিন্তু ঘুরেফিরে দাম সেই আগের জায়গাই রয়েছে। আমদানির খবরে মিনিকেটের বস্তার দাম কমে ২ হাজার ৯৫০ টাকা পর্যন্ত নেমেছিল। কিন্তু গত দুই সপ্তাহে দাম দুই দফায় বেড়ে আবার ৩ হাজার ৫০ থেকে ৩ হাজার ১০০ টাকায় উঠেছে। মাঝারি আটাশের চালের বস্তাও এখন ২ হাজার ৫৫০ টাকা। মোটা চাল বাদে অন্য সব চালের ক্ষেত্রেও একই অবস্থা।

যাত্রাবাড়ী চালের বাজারের বিসমিল্লাহ রাইস এজেন্সির ব্যবসায়ী সোলায়মান আলী বলেন, মোহাম্মদপুর কৃষি মার্কেট, কারওয়ানবাজারসহ বড় বাজারগুলোয় আমদানি করা চাল ঢুকলেও অন্য বাজারগুলোয় এখনো এ চাল পাওয়া যাচ্ছে না। আমদানি হলেও সরবরাহ হচ্ছে অনেক কম। আমদানি করা চাল পুরোপুরি বাজারে ঢুকলে দাম কমে আসবে হয়তো।

ব্যবসায়ীরা জানান, ভারতীয় চাল ও দেশি মিলের চালের দামে ব্যবধান খুব বেশি একটা না হওয়ায় ক্রেতারা এ চালে আগ্রহ কম দেখাচ্ছেন। মানে ভালো আর দামে কম না হলে চাল আমদানি করেও লাভ হবে না। ক্রেতারা এ চাল কিনছেন না।

খোরাসান | তালেবানের শহিদী হামলায় কমান্ডো সেন্টার ধ্বংস, ৫০ এরও অধিক নিহত

আফগানিস্তানের নানগারহার প্রদেশে মুরতাদ কাবুল বাহিনীর একটি কমান্ডো সেন্টারে শহিদী হামলা চালিয়েছেন একজন তালেবান মুজাহিদ। এতে ঘাঁটিতে থাকা সকল কমান্ডো নিহত ও আহত হয়েছে।

রিপোর্ট অনুযায়ী, ৩০ জানুয়ারি শনিবার ভোর ৫:৩০ মিনিটের সময়, নানগারহার প্রদেশের শেরজাদ জেলায় অবস্থিত মুরতাদ কাবুল সরকারের একটি কমান্ডো সেন্টারে শহিদী হামলা চালানো হয়েছে। মুহাম্মদ ইউসুফ কান্দাহারী নামক ইমারতে ইসলামিয়ার একজন জানবায মুজাহিদ ভারী মোটর-বোম দ্বারা কমান্ডো সেন্টারে উক্ত শহিদী হামলাটি পরিচালনা করেন।

তালেবান মুখপাত্র মুহাম্মদ খোরাসানী হাফিজাহুল্লাহ্ জানান, বরকতময় এই সফল ইস্তেশহাদী হামলায় মুরতাদ কাবুল প্রশাসনের কমান্ডো সেন্টার পরিপূর্ণরূপে ধ্বংস হয়ে যায়, এছাড়াও এখানে নিযুক্ত ৫০ এরও অধিক কমান্ডো নিহত ও আহত হয়েছে।

এদিকে কাবুল সরকারের নিযুক্ত নানগারহারের প্রাদেশিক কাউন্সিলর আজমল ওমর এবং সরকারি সংবাদ মাধ্যমগুলো জানিয়েছে, এতে তাদের ২০ সৈন্য নিহত এবং ৮ সৈন্য আহত হয়েছে।

তালেবান মুখপাত্র এই আক্রমণকে নানগারহর ও আরও কয়েকটি প্রদেশে সাধারণ মুসলিমদের উপর কাবুল সরকারের চলমান অভিযানের বিরুদ্ধে পাল্টা আক্রমণ হিসাবে বর্ণনা করেছেন। তিনি বলেন, কাবুল সরকার যদি অন্যায় অভিযান বন্ধ না করে, তাহলে কাবুল প্রশাসনকে এ জাতীয় আরও আক্রমণের সম্মুখীন হতে হবে। ইনশাআল্লাহ

https://ibb.co/RcV2gW2

https://ibb.co/Hp2J844

https://ibb.co/HrRgH46

পুলিশের গাড়িকে সাইড দিতে বিলম্ব হওয়ার লাঠিপেটায় চালক আহত

দিনাজপুরে পুলিশের গাড়িকে সাইড দিতে বিলম্ব হওয়ার পুলিশ লাঠি দিয়ে চালককে পিটিয়ে আহত করেছে। এমন অন্যায় কাজের প্রতিবাদে জেলার সকল রুটে বাস চলাচল বন্ধ রেখেছে জেলা মোটর পরিবহন শ্রমিকরা।

শনিবার (৩০ জানুয়ারি) সকাল থেকে মহাসড়কের ওপরে বাস, ট্রাক রেখে ব্যারিকেড দিয়ে প্রতিবাদ করছে বাস শ্রমিকেরা। শ্রমিকরা জানিয়েছে বিষয়টি সমাধান না হওয়া পর্যন্ত তারা যান চলাচল শুরু করবেন না।

দিনাজপুর বাস শ্রমিকরা জানান, শুক্রবার (২৯ জানুয়ারি) সন্ধ্যায় নুসরাত পরিবহনের একটি বাস রিজার্ভ যাত্রী নিয়ে ভিন্ন জগতে যাওয়ার পথে চাম্পাতলীতে পুলিশের পিকআপ ভ্যানকে সাইড দিতে একটু বিলম্ব হওয়ায়

পুলিশ লাঠি নিয়ে নুসরাত পরিবহনের চালক হযরত আলীর ওপর লাঠিচার্জ করে। এতে ওই চালক গুরুতর আহত হন।

সকালে চালক আহত করার খবরটি টার্মিনালসহ বাস শ্রমিক সংগঠনগুলোর মাঝে ছড়িয়ে পড়ায় শ্রমিকরা প্রতিবাদ করে এবং টার্মিনাল এলাকায় মহাসড়কের ওপর এলোপাথাড়িভাবে যানবাহন রেখে অবরোধ ও বিক্ষোভ করতে থাকে। এসময় দিনাজপুর কোতোয়ালী থানার উপ-পরিদর্শক (এসআই) নুর আলম শ্রমিকদের সাথে বিষয়টি নিয়ে আলোচনা করলেও কোনো প্রকার সুরাহা হয়নি।

এ রিপোর্ট লেখা পর্যন্ত শ্রমিকেরা বাস-ট্রাক মহাসড়কের মাঝে রেখে বিক্ষোভ করছেন।

গোলাগুলি-কেন্দ্রদখল-বর্জনে শেষ হলো তৃতীয় ধাপের ৬২ পৌরসভার ভোটগ্রহণ

সংঘর্ষের সময় গোলাগুলি, কেন্দ্র দখল, প্রার্থীর ভোট বর্জন ও ধাওয়া-পাল্টাধাওয়ার মধ্য দিয়ে শেষ হয়েছে তৃতীয় ধাপে ৬২ পৌরসভার ভোটগ্রহণ। অনিয়মের অভিযোগ এনে ছয় পৌরসভায় মোট আটজন মেয়র পদপ্রার্থী ভোট বর্জন করেছে বলে খবর পাওয়া গেছে। এর মধ্যে বিএনপির প্রার্থীরা ছয়জন, আওয়ামী লীগের বিদ্রোহী একজন এবং স্বতন্ত্র একজন রয়েছে।

আজ শনিবার (৩০ জানুুয়ারি) সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত এসব পৌরসভায় ব্যালটের মাধ্যমে ভোটগ্রহণ হয়।

রামগঞ্জে তিনজন গুলিবিদ্ধ

লক্ষ্মীপুরের রামগঞ্জ পৌরসভায় নির্বাচন ঘিরে সংঘর্ষ ও গোলাগুলিতে তিনজন গুলিবিদ্ধ হয়েছেন। আহত হয়েছেন অন্তত ২০ জন। পৌরসভার ৬ নম্বর ওয়ার্ডের পশ্চিম কাজিরখিল সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোটকেন্দ্রের সামনের সড়কে বেলা ১১টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত দফায় দফায় গোলাগুলি ও সংঘর্ষের ঘটনা ঘটে।

এ সময় পুলিশসহ আহত হয়েছেন অন্তত ২০ জন। এর মধ্যে গুলিবিদ্ধ হয়েছেন কয়েকজন। খবর পেয়ে চট্টগ্রাম বিভাগের ডিআইজি আনোয়ার হোসেন ঘটনাস্থল পরিদর্শন করেন।

এদিকে, কিশোরগঞ্জ সদর পৌরসভায় বিএনপির মেয়র পদপ্রার্থী ভোট বর্জন করেছেন। এ ছাড়া জেলার কটিয়াদি পৌরসভায় বিএনপির প্রার্থীর পাশাপাশি আওয়ামী লীগের একজন বিদ্রোহী প্রার্থীও ভোট বর্জন করেছে।

সাতক্ষীরার কলারোয়া পৌরসভায় ভোট বর্জনের ঘোষণা দিয়েছেন বিএনপির মেয়র পদপ্রার্থী আর ঝালকাঠির নলছিটিতে বিএনপির মেয়র পদপ্রার্থীর পাশাপাশি একজন স্বতন্ত্র প্রার্থীও ভোট চলাকালে বর্জনের ঘোষণা দিয়েছে।

টানা ৫ সপ্তাহ ফিলিস্তিনিদের আল-আকসা প্রবেশে বাধা দিচ্ছে দখলদার ইসরায়েল

ইসরায়েলি পুলিশ শুক্রবার কয়েক হাজার ফিলিস্তিনিকে টানা পঞ্চম সপ্তাহের মত জুমার নামাজের জন্য আল-আকসা মসজিদে প্রবেশ করতে বাধা দিয়েছে।

আনাদোলু এজেন্সির এক সংবাদদাতার মতে, মাত্র কয়েক শ ফিলিস্তিনিই মসজিদে প্রবেশ করতে পেরেছিল যেখানে স্কয়ারগুলি প্রায় শূন্য ছিল।

ইসরায়েলি পুলিশ জেরুসালেমের ওল্ড সিটির প্রবেশপথে চৌকি স্থাপন করে এবং পুরাতন শহরের বাইরের ফিলিস্তিনিদের মসজিদে প্রবেশ করতে বাধা দেয়। যদিও পুলিশ দাবি করছে যে এই ব্যবস্থাটি করোনভাইরাস প্রতিরোধের একটি অংশ।

ফিলিস্তিনিরা আল-আকসার পরিবর্তে রাস্তায় জুমার নামাজ আদায় করেছে। সূত্র: আনাদোলু এজেন্সি

টাঙ্গাইলে কেন্দ্র দখল করে আ'লীগ সন্ত্রাসীদের একযোগে জাল ভোট

টাঙ্গাইলের ভুঞাপুর পৌরসভা নির্বাচনে কেন্দ্র দখল করে একযোগে নৌকা প্রতীকে জাল ভোট দিয়েছে আওয়ামী লীগ মনোনীত মেয়র প্রার্থীর সমর্থকরা।

শনিবার দুপুর আড়াইটার দিকে পৌরসভার ২নং ওয়ার্ডের টেপিবাড়ি উচ্চ বিদ্যালয় কেন্দ্রে এ ঘটনা ঘটে।

সূত্রে জানা গেছে, দুপুরের দিকে আওয়ামী লীগ মনোনীত মেয়র প্রার্থী মাসুদুল হক মাসুদের লোকজন নৌকার স্লোগান নিয়ে ওই কেন্দ্রে প্রবেশ করে। এ সময় তারা কেন্দ্র দখল করে নৌকা প্রতীকে জাল ভোট দিতে থাকে।

টেপিবাড়ি উচ্চ বিদ্যালয় কেন্দ্রের প্রিসাইডিং অফিসার এটিএম সামসুজ্জামান বলেন, এক দল লোক নৌকার মিছিল নিয়ে কেন্দ্রে প্রবেশ করে জাল ভোট দিতে থাকেন। তবে কী পরিমাণ ব্যালটে জাল সিল মারা হয়েছে সেই তথ্য দিতে রাজি হননি এ নির্বাচনী কর্মকর্তা।

রাতেই থানায় বোমা মারেন- ওসিকে এমপি শাহীন চাকলাদারের নির্দেশ

যশোর-৬ (কেশবপুর) আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহীন চাকলাদার এবং কেশবপুর থানার ওসি জসিম উদ্দীনের মোবাইল ফোনের কল রেকর্ড ফাঁস হয়েছে। থানায় বোমা মেরে পরিবেশ আন্দোলন কর্মীকে ফাঁসানোর নির্দেশনার ওই অডিও ফাঁসের পর তোলপাড় সৃষ্টি হয়েছে। বিভিন্ন গণমাধ্যম ও সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়েছে অডিও রেকর্ডটি।

অডিও বিষয়ে জানতে চাইলে শনিবার কেশবপুর থানার ওসি জসিম উদ্দিন বলেন, অনেক বিষয়েই এমপি সাহেবের সঙ্গে কথা হয়। অডিও রেকর্ডের কথোপকথনের বিষয়টি আমার স্মরণে নেই।

একাধিক সূত্র জানায়, পরিবেশ আইনবিদ সমিতির (বেলা) কর্মী কেশবপুর উপজেলার বাসিন্দা মো. সাইফুল্লাহ সম্প্রতি সাতবাড়িয়া এলাকার 'মেসার্স সুপার ব্রিকস' নামে অবৈধভাবে গড়ে ওঠা একটি ইটভাটার বিরুদ্ধে উচ্চ আদালতে রিট করেন। আদালত থেকে ভাটার বিরুদ্ধে নির্দেশনাও আনেন। আর এতেই ক্ষিপ্ত হন এমপি শাহীন চাকলাদার। তিনি সপ্তাহ দুই আগে কেশবপুর থানার ওসি জসিম উদ্দীনকে ফোন করে থানায় বোমা মেরে 'ডাকাতি' চেষ্টার অভিযোগ এনে সাইফুল্লাহকে মামলার আসামি করতে বলেন।

শাহীন চাকলাদার নিজের পরিবেশ ও বন মন্ত্রণালয় বিষয়ক সংসদীয় কমিটির সদস্য পরিচয়ের কথা উল্লেখ করে ওসি জসিম উদ্দিন বলেন, 'আপনি রাতেই থানায় বোমা মারেন। তারপর সাইফুলের নামে মামলা করেন। এরপর বলেন, পুলিশকে সিভিল কাপড়ে পাঠিয়ে ইটভাটায় বোমা মেরে ডাকাতির উদ্দেশ্যে হামলা- এমন একটা মামলা দেন। তিনি ওসিকে বলেন, মামলা করতেই হবে- এটাই শেষ কথা।'

এই অডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়েছে। কিছু গণমাধ্যমে সংবাদও প্রকাশিত হয়েছে। এমপি এবং ওসির কথোপকথনের অডিও ফাঁসে তোলপাড় হয়েছে।

এমপি শাহীন চাকলাদার ও ওসি মো. জসিম উদ্দিনের কথোপকথন:

ওসি: আসসালামু আলাইকুম স্যার।

শাহীন চাকলাদার: সাতবাড়িয়ার সাইফুল্লাহ কিডা, চেনো?

ওসি: সাতবাড়িয়া, সাইফুল্লাহ আছে, স্যার ওই ইটভাটার একটা বিষয় নিয়ে সাইফুল্লাহ, 'বেলা'য় যেয়ে মামলা-টামলা করে আর কী। বাজে একটা ছেলে স্যার।

শাহীন চাকলাদার: আপনি এখন রাত্তিরে থানায় বোম মারেন একটা। মারায়ে ওর নামে মামলা করতে হইবে। পারবেন? আপনি থাকলে এগুলো করতে অইবে। না অইলে কোনো জায়গায় করবেন? আমি যা বলছি, লাস্ট

কথা ইডাই। যদি পারেন ওই এলাকা ঠাণ্ডা রাখতি, আমি বন ও পরিবেশ বিষয়ক স্থায়ী কমিটির সদস্য। ওখানে কারও বাপের ক্ষমতা নেই। সে (সাইফুল্লাহ) বারবার যেয়ে কেন করে, আপনি কী করেন?

ওসি: ও তো স্যার হাইকোর্টের কাগজ নিয়া আসে বারবার।

শাহীন চাকলাদার: আরে কোথার হাইকোর্ট-ফাইকোর্ট। কোর্ট-ফোর্ট যা বলুক, বলুইগ্যা। আমাদের খেলা নাই? খেলা নাই?

ওসি: হাইকোর্টে স্যার...

শাহীন চাকলাদার: ওসি হলি, ওসি কিন্তু ডায়নামিক হইতে অয়। আজকে বাঘারপাড়ার ওসি আসছিল আমার কাছে। ওরে আবার চৌগাছায় দিয়ে দিচ্ছি। ও ওসি... চেনেন? বাঘারপাড়া ওসিকে চেনেন?

ওসি: চিনি না আবার স্যার? মামুন সাহেবরে?

শাহীন চাকলাদার: কথা বইলেন তার সঙ্গে। তাকে নিয়ে আসতেছি চৌগাছায়। আপনে ওকে যে কোনোভাবে, যে কোনো লোক দিয়ে, কাইলকে যে কোনো দুর্ঘটনা ঘটায়ে কালকে কাজটা করেন, ওকে?

ওসি: স্যার, দেখি স্যার। কী হয়েছে স্যার? ও কি ডিস্টার্ব করতেছে আবার?

শাহীন চাকলাদার: ও কী ডিস্টার্ব করবে? আচ্ছা, বন ও পরিবেশ অফিসে আমি আছি। কার বাপের ক্ষমতা আছে এখানে আসবে! আমি বলছি কী, একটা আপনি খেলা খেলে ওকে ভেতরে নিয়ে আসেন। কথা বুঝেন নাই?

ওসি: স্যার, স্যার। দেখবোনে স্যার।

শাহীন চাকলাদার: কেমন অফিসার আপনি, আল্লাই জানে। কাজ দিলি কাজ পারেন না।

ওসি: হা হা হা হা স্যার। সব কাজই তো করি, স্যার।

শাহীন চাকলাদার: সব কাজ করেন, না? তালিপরে যে কোনো ভাটায় যেয়ে, দরকার হলি পুলিশের লোক দিয়ে সিভিলে বোম ফাটায় দিয়ে চলে আসুক। বলতে হবি যে হামলা করেছে ডাকাতি করার জন্য। এটা ছিল অমুক। একটা বানাই দিলে অয়া গেল।

উল্লেখ্য, যশোর-৬ (কেশবপুর) আসনের সংসদ সদস্য ও সাবেক জনপ্রশাসন প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেকের মৃত্যুর পর ২০২০ সালের ১৪ জুলাই যশোর-৬ আসনে উপনির্বাচন হয়। ওই উপনির্বাচনে বিজয়ী হন যশোর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহীন চাকলাদার। শাহীন চাকলাদার সদর উপজেলা পরিষদের তিনবার নির্বাচিত চেয়ারম্যানও ছিল।

সূত্র: যুগান্তর

খোরাসান | মুজাহিদদের হামলায় ৫৬ মুরতাদ সৈন্য নিহত, ৭টি সাজোঁয়া যান ধ্বংস

আফগানিস্তানে আমেরিকার গোলাম মুরতাদ কাবুল বাহিনীর বিরুদ্ধে ৪টি সফল অভিযান পরিচালনা করেছেন তালেবান মুজাহিদিন। এতে কমপক্ষে ৫৬ সৈন্য হতাহত এবং ৭টি ট্যাঙ্ক ও সাজোঁয়া যান ধ্বংস হয়েছে।

রিপোর্ট অনুযায়ী, আজ ৩০ জানুয়ারি শনিবার, হেলমান্দ প্রদেশের নাওয়াহ জেলায় মুরতাদ কাবুল সরকারি বাহিনীর সাথে একাধিক স্থানে সংঘর্ষ হয় ইমারতে ইসলামিয়ার জানবায তালেবান মুজাহিদদের। এতে মুরতাদ বাহিনীর ৪টি ট্যাঙ্ক ধ্বংস এবং উচ্চপদস্থ ২ কমান্ডারসহ ১৯ এরও অধিক সৈন্য নিহত হয়েছে, আহত হয়েছে আরো অনেক সৈন্য। এসময় মুজাহিদগণ ১টি ট্যাঙ্ক, ১টি বিমান বিধ্বংসী অস্ত্রসহ বিপুল পরিমাণ অস্ত্রশস্ত্র ও গোলা-বারুদ গনিমত লাভ করেন। তবে এসময় ৩ জন মুজাহিদ আহত এবং ১ জন মুজাহিদ শাহাদাত বরণ করেন।

অপরদিকে গত শুক্রবার রাতে, কান্দাহার প্রদেশের আরগান্দাব জেলার একটি সামরিক চৌকিতে নিযুক্ত এক কাবুল সৈন্য ২টি নাইট দূরবীন, ১টি মেশিনগান, ১টি ক্লাশিনকোভ সহ বেশ কিছু অস্ত্র নিয়ে মুজাহিদদের সাথে এসে মিলিত হয়। এই ঘটনার পর কাবুল বাহিনী ভেবেছিল মুজাহিদগণ চৌকিটি দখল করে নিয়েছেন। তাই কিছু সময় পর শত্রু বাহিনী উক্ত চৌকি লক্ষ্য করে বিমান হামলা চালায়, যার ফলে চৌকি ধ্বংস এবং ৯ এরও বেশি কাবুল সৈন্য নিহত এবং আহত হয়েছে।

এমনিভাবে বলখ প্রদেশের কেন্দ্রীয় বলখ জেলায় মুরতাদ বাহিনীর মাঝে একটি শক্তিশালী বোমা হামলা চালানো হয়। এতে এক কমান্ডারসহ ১৩ সৈন্য নিহত এবং অন্য এক কমান্ডারসহ ৮ সৈন্য আহত হয়। এসময় মুরতাদ বাহিনীর একটি তেলের ট্যাঙ্কারও ধ্বংস হয়ে যায়।

একই প্রদেশের চারবোলোক জেলায় মুরতাদ বাহিনীর একটি ট্যাঙ্কে হামলা চালান তালেবান মুজাহিদিন। এতে ২টি ট্যাঙ্ক ধ্বংস এবং ৩ সৈন্য নিহত হওয়া ছাড়াও আরো ৪ সৈন্য আহত হয়।

https://ibb.co/5hYD59B

প্রতিশ্রুতি অনুযায়ী আফগানিস্তান থেকে সেনা প্রত্যাহার করবে না বাইডেন প্রশাসন: পেন্টাগন

মার্কিন সেনা সদরদফতর পেন্টাগন বলেছে, বাইডেন প্রশাসন আফগানিস্তান থেকে আগামী মে মাসের মধ্যে সমস্ত সেনা প্রত্যাহার করবে না।

গত বছরের ফেব্রুয়ারি মাসে আফগান তালেবানের সাথে আমেরিকা একটি চুক্তি সই করে যার আওতায় আফগানিস্তান থেকে ১২ হাজার মার্কিন সেনা প্রত্যাহার করার কথা। এর বিনিময়ে তালেবান যোদ্ধারা মার্কিন সেনাদের ওপর হামলা বন্ধ করবে বলে প্রতিশ্রুতি দিয়েছিল। চুক্তি অনুযায়ী ২০২১ সালের মে মাসের মধ্যে আফগানিস্তান থেকে সমস্ত সেনা প্রত্যাহার করার প্রতিশ্রুতি দিয়েছিল সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন।

কিন্তু পেন্টাগনের মুখপাত্র জন কিরবি মিথ্যা দাবি তুলে বলছে, তালেবান তাদের প্রতিশ্রুতি রক্ষা করছে না এবং যতক্ষণ পর্যন্ত তারা প্রতিশ্রুতি রক্ষা না করবে ততক্ষণ পর্যন্ত চুক্তি অনুযায়ী সেনা প্রত্যাহার করা কঠিন ব্যাপার হবে।

জন কিরবি আরো জানায়, আফগানিস্তান থেকে কত সেনা প্রত্যাহার করা হবে সে ব্যাপারে বাইডেন প্রশাসন এখনো কোনো সিদ্ধান্তে পৌঁছায়নি। এর আগে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিংকেন ইঙ্গিত দিয়েছিল যে, তালেবানের সাথে সই করা চুক্তি পর্যালোচনা করবে বাইডেন প্রশাসন।

সূত্র: পার্সটুডে

সোমালিয়া | মুজাহিদদের হামলায় ৭ এরও অধিক কুফ্ফার সৈন্য হতাহত

পূর্ব আফ্রিকার দেশ সোমালিয়ায় ক্রুসেডার ও মুরতাদ বাহিনীর বিরুদ্ধে একইদিনে ৯টি সফল অভিযান পরিচালনা করেছেন শাবাব মুজাহিদিন। যার দু'টিতেই কমপক্ষে ৭ সৈন্য নিহত ও আহত হয়েছে।

শাহাদাহ্ নিউজ এজেন্সীর রিপোর্ট অনুযায়ী, গত ২৯ জানুয়ারি শুক্রবার, দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় সোমালিয়ায় বাইবুকুল রাজ্যে দেশটির মুরতাদ বাহিনীর উপর একটি সফল বোমা হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এতে কমপক্ষে ৫ মুরতাদ সৈন্য হতাহত হয়েছে। অপরদিকে বাইদাওয়ে এবং আউদিনালী শহরে মুজাহিদগণ পৃথক দু'টি বোমা হামলা চালিয়েছেন। যার ফলে এক সোমালি সৈন্য এবং এক ইথিউপিয়ান কর্নেল নিহত হয়েছে।

এছাড়াও এইদিন, সোমালিয়ার মারাকা, যুবা, হাইরান ও রাজধানী মোগাদিশুতে আরো ৭টি অভিযান পরিচালনা করেছিলেন মুজাহিদগণ। যার ফলে ক্রুসেডার বাহিনীর একটি গাড়ি ধ্বংস হওয়া ছাড়াও অনেক ক্রুসেডার ও মুরতাদ সৈন্য হতাহত হয়েছে।

ইয়ামান | মুজাহিদদের হাতে ৩ মুরতাদ সৈন্য নিহত

মধ্যপ্রাচ্যের দেশ ইয়ামানে দখলদার শিয়া হুথীদের উপর সফল বোমা হামলা চালিয়েছেন মুজাহিদগণ, এতে ৩ সৈন্য নিহত হয়েছে।

সাবাত নিউজের তথ্যমতে, গত ২৮ জানুয়ারি বৃহস্পতিবার, মধ্য ইয়ামানের বায়দা রাজ্যে একটি সফল বোমা হামলা চালানোর ঘটনা ঘটেছে। ইরান সমর্থিত মুরতাদ হুথী বাহিনীর উপর উক্ত সফল বোমা হামলাটি চালান আল-কায়েদা আরব উপদ্বীপ শাখা জামা'আত আনসারুশ শরিয়াহ্'র জানবায মুজাহিদিন। এতে কমান্ডারসহ ৩ মুরতাদ সৈন্য নিহত এবং একটি সামরিকযান ধ্বংস হয়েছে।

২৯শে জানুয়ারি, ২০২১

দিল্লিতে ইজরায়েলি দূতাবাসের সামনে বিস্ফোরণ, বেশ কিছু ক্ষয়ক্ষতি

ভারতের রাজধানী দিল্লিতে ইজরায়েলের দূতাবাসের সামনে শক্তিশালী বিস্ফোরণের ঘটনা ঘটেছে। বিস্ফোরণে বেশ কয়েকটি গাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে।

দিল্লি পুলিশ জানিয়েছে, শুক্রবার বিকেলে আচমকা প্রচণ্ড শব্দে কেঁপে উঠে দূতাবাস সংলগ্ন এলাকা। জানা যায়, দূতাবাস থেকে প্রায় ৫০ মিটার দূরে জিন্দাল হাউসে আইইডি বিস্ফোরণ ঘটে।

ফুটপাতের উপর বিস্ফোরণ হয়েছে বলে স্থানীয় সূত্রে জানা গিয়েছে। সেই ফুটপাতের সামনে দাঁড়িয়ে থাকা তিনটি গাড়ির কাঁচ ভেঙে যায়। দিল্লির এপিজে আবদুল কালাম রোড-এ অবস্থিত ইজরায়েলি দূতাবাস। জানা গিয়েছে, রাস্তার পাশে ডিভাইডারের উপর রাখা একটি ফুলের টবে রাখা ছিল বিস্ফোরক।

প্রসঙ্গত, এর আগে ২০১২ সালের ১৩ ফেব্রুয়ারি, দিল্লিতে ইজরায়েলের কূটনীতিকের গাড়িতে বিস্ফোরণের ঘটনা ঘটেছিল।

উল্লেখ্য, রাজধানীর বিজয়চক থেকে মাত্র ২ কিলোমিটার দূরেই বিস্ফোরণটি ঘটেছে। সাধারণতন্ত্র দিবস উপলক্ষে সেখানে 'বিটিং দ্য রিট্রিট' অনুষ্ঠান চলছিল। সেখানে উপস্থিত ছিল প্রধানমন্ত্রী মালাউন নরেন্দ্র মোদি ও রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ।

নোয়াখালীতে আ.লীগ-বিএনপি সংঘর্ষ, আহত ৩

নোয়াখালীর সোনাইমুড়ী পৌরসভা নির্বাচনে প্রচারণাকালে আওয়ামী লীগ ও বিএনপি মেয়র প্রার্থীর সমর্থকদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে অন্তত তিনজন আহত হয়েছেন। এ সময় সংঘর্ষকারীরা ভাঙচুর ও ককটেল বিস্ফোরণ করেছে।

গত বৃহস্পতিবার (২৮ জানুয়ারি) সন্ধ্যা সাড়ে ৫টার দিকে পৌরসভার রামপুর গ্রামে এ ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা গেছে, সন্ধ্যায় পৌরসভার রামপুর এলাকায় নির্বাচনী প্রচারণাকালে আ.লীগ ও বিএনপি নেতাকর্মীদের মধ্যে উত্তেজনা দেখা দেয়। কোনো কিছু বুঝে ওঠার আগে বিএনপি প্রার্থীর বাড়ির সামনে অন্তত ৮ থেকে ১০টি ককটেলের বিস্ফোরণ ঘটে। ককটেলের শব্দে আশপাশের লোকজন আতঙ্কিত হয়ে দিগ্বিদিক ছুটোছুটি করে।

পৌরসভা বিএনপির সভাপতি ও বিএনপি মনোনীত মেয়র প্রার্থী মোতাহের হোসেন মানিক অভিযোগ করে বলেন, সন্ধ্যায় কয়েকটি মোটরসাইকেলযোগে অন্তত ১০ থেকে ১২ জন মুখোশধারী রামপুর গ্রামের তার বাড়িতে হামলা চালায়। এসময় হামলাকারীরা তার (মানিক) ও তার জ্যাঠাতো ভাইয়ের ঘর লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ করে জানালার কাচ ভাঙচুর ও বেশ কয়েকটি ককটেলের বিস্ফোরণ ঘটায়। পরে বাড়ির সামনে থাকা একটি নির্বাচনী প্রচার মাইক ভাঙচুর করে পুকুরে ফেলে দেয় হামলাকারীরা।

কেলে আ.লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীরা নৌকার সমর্থনে রামপুর এলাকায় প্রচারণায় যায়। সন্ধ্যায় তারা বিএনপি প্রার্থীর বাড়ির সামনে পৌঁছালে বিএনপির প্রার্থীর সমর্থকরা তাদের ওপর অতর্কিত হামলা চালিয়ে রেদোয়ান নামে এক ছাত্রলীগ নেতাসহ কয়েকজনকে পিটিয়ে জখম করে।

সিরিয়ায় আরো একটি ঘাঁটি গাড়ল ক্রুসেডার মার্কিন বাহিনী

সিরিয়ার হাসাকা প্রদেশের ইয়ারুবা এলাকায় ক্রুসোর মার্কিন সামরিক বাহিনী আরও একটি ঘাঁটি স্থাপন করছে।

সিরিয়ার রাষ্ট্রীয় বার্তা সংস্থা সানা এ খবর জানিয়েছে।

বৃহস্পতিবার (২৮ জানুয়ারি) স্থানীয় কয়েকটি সূত্রের বরাত দিয়ে সানা জানায়, ঘাঁটি স্থাপনের জন্য ইতোমধ্যে প্রয়োজনীয় সামরিক সরঞ্জামাদি সেখানে নেওয়া হয়েছে। হাসাকা শহরের উত্তর পূর্বে অবস্থিত আল-মালিকিয়া এলাকা থেকে ১০টি ট্রাকে করে এসব সরঞ্জাম নেওয়া হয়েছে। ইরাক সীমান্তের কাছে ইয়ারুবা এলাকাটি অবস্থিত।

আমেরিকা দাবি করছে 'সন্ত্রাসবাদের' বিরুদ্ধে লড়াই করার জন্য তাদের সামরিক বাহিনী সিরিয়াতে অবস্থান করছে তবে সিরিয়ার সরকার বারবার বলছে দেশের তেল সম্পদ লুটপাটের জন্য মার্কিন সামরিক বাহিনী মোতায়েন করা হয়েছে।

২০১৯ সালে তৎকালীন প্রেসিডেন্ট ট্রাম্প সিরিয়া থেকে মার্কিন সেনা প্রত্যাহারের নির্দেশ দেয় কিন্তু নানামুখী বাধার কারণে সে তার সেই সিদ্ধান্ত থেকে সরে আসে এবং ওই বছরের অক্টোবর মাসে সিরিয়াতে নতুন করে সেনা মোতায়েন করা হয়। তখন ট্রাম্প বলেছিল, সিরিয়ার তেল ক্ষেত্রগুলোতে আমেরিকার অর্থনৈতিক স্বার্থ নিয়ন্ত্রণের জন্য সেখানে সেনা মোতায়েন করে রাখা হচ্ছে।

বাংলাদেশে আগের চেয়ে দুর্নীতি ২ ধাপ বেড়েছে

দুর্নীতির ধারণা সূচকে আগের বছরের তুলনায় আরো দুই ধাপ নিচে নেমে এসেছে বাংলাদেশ।

বিবিসি বাংলা জানায়, বার্লিনভিত্তিক ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল (টিআই) কর্তৃক পরিচালিত 'দুর্নীতির ধারণা সূচক (সিপিআই) ২০২০'-এর বৈশ্বিক প্রকাশ উপলক্ষে এক ভার্চুয়াল সংবাদ সম্মেলনে এই তথ্য তুলে ধরেন টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান।

১৮০টি দেশের মধ্যে ২০২০ সালে অধঃক্রম অনুযায়ী (খারাপ থেকে ভালো) বাংলাদেশের অবস্থান ১২তম। যা আগের বছর (২০১৯) ছিল ১৪তম।

অর্থাৎ বাংলাদেশে দুর্নীতি বেড়েছে। অন্যদিকে দুর্নীতির পরিস্থিতি উন্নয়ন সংক্রান্ত স্কোরে ১০০ নম্বরের মধ্যে এবারসহ টানা তিন বছর বাংলাদেশ পেয়েছে ২৬।

এর মানে টিআইএ'র তিন সূচকেই বাংলাদেশে দুর্নীতি কমেনি। করোনাকালে স্বাস্থ্য খাতসহ বিভিন্ন জরুরি সেবায় যে দুর্নীতি হয়েছে, এই সূচকে তার প্রতিফলন রয়েছে।

বাংলাদেশের এই অবস্থান এশিয়া প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে চতুর্থ এবং দক্ষিণ এশিয়ায় দ্বিতীয়।

জামার্নভিত্তিক দুর্নীতিবিরোধী সংস্থা ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনালের (টিআই) 'দুর্নীতির ধারণা সূচক (করাপশন পারসেপশন ইনডেক্স বা সিপিআই)-২০২০ সালের প্রতিবেদনে উঠে এসেছে এসব তথ্য। বৃহস্পতিবার সারাবিশ্বে একযোগে প্রতিবেদনটি প্রকাশ করা হয়।

এদিন বাংলাদেশে টিআইর সহযোগী প্রতিষ্ঠান টিআইবি এক ভার্চুয়াল সংবাদ সম্মেলনে এ প্রতিবেদন প্রকাশ করে। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান এবং নির্বাহী ব্যবস্থাপনা উপদেষ্টা অধ্যাপক ড. সুমাইয়া খায়ের প্রমুখ।

দুর্নীতি প্রতিরোধে বেশকিছু সুপারিশ করেছে টিআই। এগুলো হলো-দুর্নীতি নিয়ন্ত্রণে রাজনৈতিক সদিচ্ছা, দুদককে আরও স্বাধীনভাবে কাজ করতে দেওয়া এবং অবাধ গণমাধ্যম ও সক্রিয় নাগরিক সমাজ বিকাশে উপযুক্ত পরিবেশ নিশ্চিত করা।

সংবাদ সম্মেলনে ড. ইফতেখারুজ্জামান বলেন, এক ধরনের বিচারহীনতার সংস্কৃতি তৈরি করে দুর্নীতিবাজদের পৃষ্ঠপোষকতা দেওয়া হচ্ছে। সরকারের পক্ষ থেকে দুর্নীতির বিষয়টি অস্বীকার করা হয়। কোনো প্রতিবেদন প্রকাশ করলে নাগরিক সমাজ ও গণমাধ্যমকর্মীদের নাজেহাল হতে হয়।

ফলে দুর্নীতিবাজরা এতে উৎসাহিত হচ্ছে। তিনি বলেন, বাংলাদেশে আরও কয়েকটি কারণে দুর্নীতি কমানো যাচ্ছে না। এর মধ্যে উল্লেখযোগ্য হলো-রাজনীতিবিদদের প্রতিশ্রুতির ঘাটতি, রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোর জবাবহিদিতার অভাব ও রাজনৈতিক দলগুলোর জন্য অবস্থান সংকুচিত করে দেওয়া।

এছাড়া গণমাধ্যম ও সুশীল সমাজের প্রতিনিধিদের কথা বলার সুযোগ সীমিত করে দেওয়া হচ্ছে। তিনি বলেন, আর্থিক খাতে একের পর এক কেলেঙ্কারি ও জালিয়াতির ঘটনা ঘটলেও তাদের বিচারের আওতায় আনার দৃষ্টান্ত নেই। বিচারিক প্রতিষ্ঠানগুলোকে রাজনৈতিক আনুগত্যের ঊর্ধ্বে উঠে কাজ করার পরামর্শ দেন তিনি।

ড. জামান আরও বলেন, বাংলাদেশের স্কোর অপরিবর্তিত। তবে তা বৈশ্বিক গড় ৪৩-এর চেয়ে অনেক কম। এটি অত্যন্ত বিব্রতকর ও হতাশাব্যঞ্জক। ক্ষেত্রবিশেষে দুর্নীতির ঘটনা অস্বীকার কিংবা ধামাচাপা দেওয়ার চেষ্টা করা হয়। এছাড়া অবস্থান ও পরিচয় নির্বিশেষে আইনের কঠোর প্রয়োগ হয় না।

করোনার সংকটময় মুহূর্তে দেশের স্বাস্থ্য খাতে ব্যাপকভাবে দুর্নীতির তথ্য প্রকাশিত হয়েছে। তখন কিছু বিষয় শুধু মৌখিক ঘোষণা দেওয়া হযেছকিন্তু এর প্রয়োগে ঘাটতি আছে। বাস্তবে এটি ঘোষণাতেই আটকে আছে।

বিশেষ করে এই ঘোষণা বাস্তবায়ন করা যাদের দায়িত্ব, তাদের সঙ্গে দুর্নীতির যোগসাজশ রয়েছে। ফলে তারা সহায়তা করেছে। এছাড়া দুর্নীতির সুবিধাভোগীরা অত্যন্ত প্রভাবশালী।

ড. ইফতেখারুজ্জামান বলেন, দেশে দুর্নীতি বাড়ছে। অর্থনৈতিক দিক থেকে বাংলাদেশের অবস্থান যে পর্যায়ে, তার তুলনায় দেশ থেকে প্রতিবছর বিপুল পরিমাণ টাকা পাচার হচ্ছে।

বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার রিপোর্টে এসব তথ্য উঠে এসেছে। তিনি বলেন, দুর্নীতি প্রতিরোধে প্রতিবন্ধকতার মধ্যে আরও রয়েছে-শীর্ষ দুর্নীতিবাজদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দৃষ্টান্ত দেখা যাচ্ছে না। আর্থিক খাত, জনবল নিয়োগ এবং বিভিন্ন চুক্তি বাস্তবায়নে রাজনৈতিক নিয়ন্ত্রণ রয়েছে। এছাড়া দুর্নীতি দমন কমিশনের (দুদক) স্বাধীনতায় ঘাটতি আছে। তাদের মাঝেও দুর্নীতি হচ্ছে।

টিআইর প্রতিবেদনে বলা হয়েছে, দুর্নীতির পরিস্থিতি উন্নয়ন সংক্রান্ত স্কোরে ১০০ নম্বরের মধ্যে বাংলাদেশের স্কোর ২৬। এক্ষেত্রে গত তিন বছর পর্যন্ত একই অবস্থানে। কিন্তু বিশ্বের সবগুলো দেশের গড় স্কোর ৪৩। এক্ষেত্রে বিশ্বের গড় স্কোরের চেয়ে ১৭ ধাপ পিছিয়ে রয়েছে বাংলাদেশ। অর্থাৎ দুর্নীতির ব্যাপকতা অত্যন্ত উদ্বেগজনক।

দুর্নীতিগ্রস্ত দেশের তালিকায় দক্ষিণ এশিয়ার ৮টি দেশের মধ্যে আফগানিস্তানের পরই বাংলাদেশের অবস্থান। এছাড়া এশিয়া প্যাসিফিক অঞ্চলের ৩১টি দেশের মধ্যে বাংলাদেশ চতুর্থ। বাংলাদেশের মতো একই স্কোর পেয়েছে সেন্ট্রাল আফ্রিকা রিপাবলিক এবং উজবেকিস্তান।

সংবাদ সম্মেলনে ড. জামান আরও বলেন, বিশ্বের বেশকিছু দেশে নাগরিক স্বাধীনতা সংকুচিত হওয়ায় দুর্নীতি বাড়ছে। বাংলাদেশেও এই প্রবণতা দেখা যায়। আর যেসব দেশে গণমাধ্যম ও বেসরকারি প্রতিষ্ঠান কম সুরক্ষা পায়, ওইসব দেশে দুর্নীতি বেশি।

টিআইবির এই নির্বাহী পরিচালক বলেন, আইন প্রয়োগে ঘাটতি রয়েছে। বিশেষ করে ব্যাংকিং ও অর্থনৈতিকসহ বিভিন্ন খাতে ক্রমবর্ধমান অনৈতিক প্রভাব বিস্তার, অনিয়ম ও দুর্নীতি ও বিশৃঙ্খলায় দায়ীদের বিচারের আওতায় আনা যায়নি।

প্রতিবেদন অনুসারে কম দুর্নীতিগ্রস্ত দেশের তালিকার শীর্ষে অবস্থান করছে ডেনমার্ক ও নিউজিল্যান্ড। তৃতীয় স্থানে যৌথভাবে রয়েছে সিঙ্গাপুর, সুইডেন, নরওয়ে ও সুইজারল্যান্ড। সর্বনিম্নে অবস্থান করছে সোমালিয়া এবং দক্ষিণ সুদান। এরপরই রয়েছে সিরিয়া, ইয়ামেন, ভেনিজুয়েলা।

দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে সবচেয়ে ভালো অবস্থানে রয়েছে ভুটান। উপরের দিকে দেশটির অবস্থান ৬৮। এরপর ভারত ৪০, শ্রীলংকা ৩৮, পাকিস্তান ৩১, মালদ্বীপ ৪৩, নেপাল ৩৩ এবং আফগানিস্তান ১৯তম অবস্থানে।

ইফতেখারুজ্জামান আরও বলেন, দুর্নীতির ক্ষেত্রে এক ধরনের অস্বীকৃতির মানসিকতা বিরাজ করছে। কোনো কর্মকর্তার দুর্নীতির কথা বললে, সেটি অস্বীকার করা হয়। বিভিন্ন প্রতিবেদন প্রকাশ করলে এক্ষেত্রে হয়রানি ও নাজেহাল হতে হয়।

এটি গণমাধ্যমকর্মী ও নাগরিক সমাজ সবার জন্য একইভাবে প্রযোজ্য। তিনি বলেন, নাগরিক সমাজ ও গণমাধ্যমকর্মীদের জন্য কাজের ক্ষেত্র ক্রমাগত সংকুচিত হচ্ছে। এটি দুর্নীতি প্রতিরোধের ক্ষেত্রে অত্যন্ত বড় প্রতিবন্ধকতা।

মানুষের কণ্ঠস্বর প্রকাশ করা অত্যন্ত জরুরি। তিনি বলেন, ডিজিটাল নিরাপত্তা আইনের মাধ্যমে এই অধিকার সংকুচিত হয়েছে। তাই সংসদের প্রথম অধিবেশনেই ডিজিটাল নিরাপত্তা আইন সংশোধন করতে হবে।

ড. ইফতেখারুজ্জামান বলেন, ‘রাজনৈতিক ক্ষমতার অপব্যবহার, দুর্নীতি ও অপরাধের সঙ্গে রাজনৈতিক যোগসূত্রতা রয়েছে। গণমাধ্যম ও নাগরিক সমাজের অবস্থান এবং মতপ্রকাশের স্বাধীনতা সংকুচিত।

আর্থিক ও ব্যাংকিং খাতে খেলাপি ঋণ, জালিয়াতি এবং সরকারি কাজে রাজনৈতিক হস্তক্ষেপ ইত্যাদি কারণে অবস্থানের উন্নতি হয়নি।

দুর্নীতিবাজদের আইনের আওতায় আনতে দুদক ভূমিকা সংক্রান্ত প্রশ্নের জবাবে ড. ইফতেখারুজ্জামান বলেন, দুদক দুর্নীতিবাজদের জবাবদিহিতার আওতায় আনার চেষ্টা করছে। কিন্তু তা একটি সীমারেখার মধ্যে। রাঘববোয়ালদের আইনের আওতায় আনার ক্ষেত্রে দুদকের সক্রিয় ভূমিকার ঘাটতি রয়েছে।

তাই সর্বোচ্চ রাজনৈতিক প্রতিশ্রুতির পরও দুর্নীতির বিরুদ্ধে শূন্য সহনশীলতা অকার্যকর প্রমাণিত হচ্ছে। এছাড়া সরকারি প্রতিষ্ঠান এমনভাবে রাজনীতিকীকরণ হচ্ছে, যাতে সেগুলোকে এখন রাজনৈতিক প্রতিষ্ঠান বলে মনে হচ্ছে, এগুলো ঢেলে সাজানো দরকার। সূচকে এসবের প্রভাব পড়েছে।

প্রতিবেদনে ২০১৯-২০২০ পর্যন্ত তথ্য ব্যবহৃত হয়েছে। জরিপগুলোতে মূলত ব্যবসায়ী, বিনিয়োগকারী, সংশ্লিষ্ট খাতের গবেষক ও বিশেষজ্ঞদের ধারণার প্রতিফলন। বাংলাদেশের ক্ষেত্রে তথ্যসূত্র হিসেবে ৮টি জরিপ ব্যবহৃত হয়েছে।

এগুলো হলো- বিশ্বব্যাংকের কান্ট্রি পলিসি অ্যান্ড ইনস্টিটিউশনাল অ্যাসেসমেন্ট, ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম এক্সিকিউটিভ ওপিনিয়ন সার্ভে, গ্লোবাল ইনসাইট কান্ট্রি রিস্ক রেটিংস, বার্টেলসম্যান ফাউন্ডেশন ট্রান্সফরমেশন ইনডেক্স, ওয়ার্ল্ড জাস্টিস প্রজেক্ট রুল অব ল’, পলিটিক্যাল রিস্ক সার্ভিসেস ইন্টারন্যাশনাল কান্ট্রি রিস্ক গাইড, ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিট কান্ট্রি রিস্ক রেটিংস এবং ভ্যারাইটিস অব ডেমোক্রেসি প্রজেক্ট ডাটাসেট রিপোর্ট। সংবাদ সম্মেলনে আরও জানানো হয়, সিপিআই নির্ণয়ে টিআইবির কোনো ভূমিকা নেই। এমনকি টিআইবির গবেষণা থেকে প্রাপ্ত কোনো তথ্যও এখানে বিবেচনায় নেওয়া হয় না। পৃথিবীর অন্যান্য দেশের মতোই টিআইবি ধারণা সূচক দেশীয় পর্যায়ে প্রকাশ করে।

ইন্দোনেশিয়ার ক্যাম্প থেকে কয়েকশ’ রোহিঙ্গা ‘উধাও’

ইন্দোনেশিয়ার একটি শরণার্থী শিবির থেকে হঠাৎ করেই গায়েব কয়েকশ’ রোহিঙ্গা। তারা কোথায় আছেন, কবে গেছেন তা নিশ্চিত করে বলতে পারছে না কেউই।

বৃহস্পতিবার আল জাজিরার এক প্রতিবেদনে জানানো হয়েছে, গত বছরের জুন থেকে সেপ্টেম্বরের মধ্যে প্রায় ৪০০ রোহিঙ্গাকে উদ্ধার করে লোকসুমাওয়ে এলাকার একটি শরণার্থী শিবিরে রেখেছিল ইন্দোনেশীয় কর্তৃপক্ষ।

তবে চলতি সপ্তাহে দেখা গেছে, সেখানে এখন মাত্র ১১২ জন রোহিঙ্গা রয়েছেন। বাকিরা কবে কোথায় গেছেন তা জানে না শরণার্থীদের দেখভালের দায়িত্বে থাকা জাতিসংঘ কিংবা স্থানীয় কর্তৃপক্ষও।

লোকসুমাওয়ের রোহিঙ্গা টাস্কফোর্সের প্রধান রিদওয়ান জলিল বলেন, 'আমরা এখনো জানি না তারা কোথায় গেছে।

২০১৭ সালে মিয়ানমারে সেনাদের দমন-পীড়নে অন্তত সাড়ে সাত লাখ মুসলিম রোহিঙ্গা পালিয়ে বাংলাদেশে আশ্রয় নেয়।

মানবাধিকার সংগঠনগুলোর অভিযোগ, রোহিঙ্গাদের দেখভালের দায়িত্ব গতমাসে ইউএনএইচসিআর নেয়ার পর আশ্রয়কেন্দ্রগুলোর নিরাপত্তা ব্যাপকভাবে কমিয়ে দিয়েছে ইন্দোনেশীয় সরকার।

নিউজিল্যান্ডের মতো সিঙ্গাপুরের মসজিদে হামলার পরিকল্পনা ছিল খ্রিস্টান সন্ত্রাসীর

নিউজিল্যান্ডের ক্রাইস্টচার্চের ঘটনার মতো এবার সিঙ্গাপুরের একটি মসজিদে হামলার পরিকল্পনা করেছিল ১৬ বছর বয়সী এক কিশোর সন্ত্রাসী। তবে এরই মধ্যে তাকে আটক করেছে সিঙ্গাপুর কর্তৃপক্ষ। ক্রাইস্টচার্চ হামলার বর্ষপূর্তিতে সিঙ্গাপুরের দু'টি মসজিদে হামলা করে মুসলিমদের হত্যার পরিকল্পনা করেছিল এই কিশোর। খবর সিএনএন, আল-জাজিরা ও বিবিসির।

প্রতিবেদনে বলা হয়েছে, নিউজিল্যান্ডে ক্রাইস্টচার্চে দুটি মসজিদে হামলাকারী খুনি ব্রেন্টন ট্যারেন্ট এই কিশোরের অনুপ্রেরণা। সেও ছুরি নিয়ে আক্রমণের ঘটনা সামাজিক যোগাযোগ মাধ্যমে সরাসরি প্রচারের পরিকল্পনা করেছিল।

সিঙ্গাপুরের ইন্টারনাল সিকিউরিটি অ্যাক্ট অনুসারে আটক হওয়া সর্বকনিষ্ঠ ব্যক্তি হল এ কিশোর।

১৬ বছরের ওই সিঙ্গাপুরী বালকের পরিচয় প্রকাশ করা হয়নি। তবে জানা গেছে, সে ভারতীয় বংশোদ্ভূত প্রটেস্টান্ট খ্রিস্টান।

দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয় বলছে, এ কিশোর প্রচণ্ড ইসলামবিরোধিতা ও সহিংসতার মোহ থেকে আক্রমণের পরিকল্পনা করে। বাসার কাছে আসইয়াফাহ মসজিদ ও ইউসুফ ইসহাক মসজিদের হামলার উদ্দেশ্য ছিল তার। বাবার ক্রেডিট কার্ড চুরি করে প্রয়োজনীয় সরঞ্জাম কেনার ইচ্ছা ছিল। তার পরিকল্পনা যে কাজ করবে সে বিষয়ে আত্মবিশ্বাসী ছিল এই কিশোর। প্রথমে তার পরিকল্পনা ছিল ট্যারেন্টের মতো রাইফেল ব্যবহারের, পরে ছুরি ব্যবহারের সিদ্ধান্ত নেয়। কারণ সিঙ্গাপুরের কড়া আইনের কারণে আগ্নেয়াস্ত্র বিক্রি খুব কঠিন।

উল্লেখ্য, নিউজিল্যান্ডের ইতিহাসে সবচেয়ে কলঙ্কিত অধ্যায় ধরা হয় ক্রাইস্টচার্চ হামলাকে। ২০১৯ সালের ১৫ মার্চ দুটি মসজিদে গুলি করে সন্ত্রাসী ট্যারেন্ট ৫১ মুসল্লিকে হত্যা করে।

কাশ্মীরে স্বাধীনতাকামীদের হামলা: ১ সেনা নিহত

জম্মু-কাশ্মীরের কুলগাম জেলায় ভারতীয় বাহিনীর উপরে স্বাধীনতাকামীদের গ্রেনেড হামলায় ১ ভারতীয় সেনা নিহত এবং অন্য ৩ সেনা আহত হয়েছে। বুধবার সকাল সোয়া দশটা নাগাদ ওই হামলার ঘটনা ঘটে।

চলতি বছরে স্বাধীনতাকামী হামলায় এই প্রথম সেনা সদস্যের হতাহতের ঘটনা ঘটলো। গণমাধ্যমে প্রকাশ, স্বাধীনতাকামীরা দক্ষিণ কাশ্মীরের শ্রীনগর-জম্মু মহাসড়কে সামশিপোরা খানাবল এলাকায় সেনাবাহিনীর রোড ওপেনিং পার্টির (আরওপি) সেনাদের উপরে গ্রেনেড হামলা চালায়। এরফলে চার সেনা আহত হয়।

আহত ওই সেনাদের শ্রীনগরে সামরিক হাসপাতালে ভর্তি করা হয়। এদের মধ্যে এক মালাউনের মৃত্যু হয়েছে। স্থানীয় সংবাদ সংস্থার দাবি, সন্দেহজনক এক্সপ্লোসিভ ইমপ্রোভাইসড এক্সপ্লোসিভ ডিভাইস (আইইডি) বিস্ফোরণের ফলে জওয়ানরা আহত হয়েছে।

সেনাবাহিনীর মুখপাত্র কর্নেল রাজেশ কালিয়া প্রাথমিকভাবে ওই ঘটনাকে গ্রেনেড আক্রমণ বলে মন্তব্য করেছে।

খবর পার্সটুডে'র

২৮শে জানুয়ারি, ২০২১

ফিলিস্তিনে মসজিদ গুঁড়িয়ে দিলো ইসরাইলি বাহিনী

ফিলিস্তিনি ভূখণ্ড পশ্চিম তীরের হেবরনের কাছাকাছি একটি মসজিদ গুঁড়িয়ে দিয়েছে ইসরাইলি বাহিনী। বুধবার হেবরনের দক্ষিণে উম্মে কুসাহর অন্যান্য স্থাপনার সাথে মসজিদটি গুঁড়িয়ে দেয়া হয় বলে জানিয়েছে তুরস্কভিত্তিক আন্তর্জাতিক বার্তা সংস্থা আনাদোলু এজেন্সি।

মসজিদটির কাছাকাছি থাকা স্থানীয় একটি স্কুলের পরিচালক মোহাম্মদ ইয়াতিমিন বলেন, ইসরাইলি কর্তৃপক্ষ প্রয়োজনীয় লাইসেন্স না থাকার অজুহাতে এই স্থাপনাগুলো গুঁড়িয়ে দিয়েছে।

তিনি জানান, স্কুলের খাবার পানির জন্য ব্যবহৃত একটি কুয়াও গুঁড়িয়ে দেয়া হয়েছে।

ঠিক কি কারনে তাঁর মৃত্যু হয়েছিল সেটি অস্পষ্ট ছিল। গত ২০ জানুয়ারি ইসরায়েল কারা কর্তৃপক্ষ নিহতের পরিবারকে জানিয়েছিল যে সাসার মৃত্যুর কারণ ময়নাতদন্তের পর জানানো হবে।

পরবর্তীতে ফিলিস্তিনি বন্দি কমিশনের বিবৃতিতে জানা যায়, ইসরায়েলের কারাগারে মাহের আল সাসাকে করোনার টিকা দেয়া হয়েছিল। আর টিকা গ্রহনের পরই মারা যান তিনি। এ ব্যাপারে আরও তথ্য বিস্তারিত অনুসন্ধানের পর জানা যাবে বলে জানিয়েছে সংস্থাটি।

সূত্র : কুদুস নিউজ নেটওয়ার্ক।

কাশ্মীরে প্রমাণ মিলেছে সেনা ক্যাপ্টেনের ভুয়া এনকাউন্টারের

গত জুলাইয়ে কাশ্মীরের সোপিয়ান জেলায় ভুয়া এনকাউন্টারে জড়িত সেনা ক্যাপ্টেন এবং আরও দু'জন বেসামরিকসহ তিনজনের বিরুদ্ধে তথ্য গোপন, প্রমাণাদি নষ্ট করা এবং আফস্পা লংঘনের প্রমাণ মিলেছে।

জম্মু-কাশ্মীর পুলিশের বিশেষ তদন্তকারী দলের (এসআইটি) দায়ের করা অভিযোগপত্রে প্রধান বিচারিক ম্যাজিস্ট্রেট বলেছে, ক্যাপ্টেন ভূপেন্দ্র সিংও তার উর্ধ্বতনদের এবং পুলিশকে সোপিয়ান এনকাউন্টার চলাকালীন তদন্তের বিষয়ে ভুল তথ্য সরবরাহ করেছিল।

ঘটনাটি ১৮ জুলাই ২০২০-এর সোপিয়ানের আমশিপুরার। যেখানে তিন যুবককে 'সন্ত্রাসবাদী' হিসাবে হত্যা করেছিল ভারতীয় মালাউন বাহিনী। পরে সোশ্যাল মিডিয়ায় তিন যুবক নির্দোষ বলে প্রতিবেদন প্রকাশের পরে সেনাবাহিনীর টনক নড়ে।

মৃতদের পরিবারের তরফে দাবি করা হয় নিহতরা রাজৌরির বাসিন্দা ও পেশায় শ্রমিক। ভুয়ো এনকাউন্টারের অভিযোগ আনা হয় সেনার বিরুদ্ধে। প্রাথমিক তদন্তের পর ভারতীয় সেনারাও জানিয়েছে অভিযুক্তরা বিশেষ ক্ষমতা আফস্পা লংঘন করেছে। (আফস্পা বা [আর্মড ফোর্সেস (স্পেশাল পাওয়ার্স) অ্যাক্ট] সেনাবাহিনীর জন্য একটি বিশেষ কুখ্যাত আইন।)

সিরিয়ায় ইসরায়েলি হামলায় একই পরিবারের ৪ জন নিহত

সিরিয়ার মধ্যাঞ্চল হামায় বিমান থেকে নিক্ষেপ করা ইসরায়েলি ক্ষেপণাস্ত্র হামলায় অন্তত ৪ বেসামরিক নাগরিক নিহত হয়েছে।

গত শুক্রবার (২২ জানুয়ারি) সকালে হতাহতের এ ঘটনা ঘটে।

নাম প্রকাশে অনিচ্ছুক সামরিক বাহিনীর এক কর্মকর্তার বরাতে দেশটির রাষ্ট্রীয় বার্তা সংস্থা সানা জানায়, শুক্রবার ভোর হওয়ার কিছুক্ষণ আগে ওই হামলা চালায় ইসরাইল। ওই সময় প্রতিবেশী লেবাননের আকাশে উড়ছিল ইসরাইলি যুদ্ধবিমান।

সামরিক সূত্র আরও জানায়, স্থানীয় সময় রাত ৪টায় লেবাননের ত্রিপোলী শহরের দিক থেকে একগুচ্ছ ক্ষেপণাস্ত্র নিয়ে আগ্রাসন চালায় ইসরায়েলি শত্রুরা। হামার গভর্নরের ভবনসহ আরও কিছু সরকারি স্থাপনা লক্ষ্য করে তারা হামলা চালায়।

পরে সানা জানায়, ইসরায়েলি নৃশংসতায় এক পরিবার সব সদস্য নিহত হয়েছে। যাদের মধ্যে বাবা-মা এবং তাদের দুই সন্তান রয়েছে।

গেল কয়েক বছর ধরে সিরিয়ায় বিমান হামলা চালাচ্ছে ইসরায়েল। তাদের দাবি, ইরান সমর্থিত মিলিশিয়াদের অবস্থান লক্ষ্য করে হামলা চালাচ্ছে। এসব হামলার কথা কদাচিৎ স্বীকার করে ইসরায়েল। অধিকাংশ সময় হামলা নিয়ে কোনো মন্তব্যই করে না। ইরান এবং তাদের লেবাননের মিত্র হিজবুল্লাহ সিরিয়ায় গৃহযুদ্ধের সময় প্রেসিডেন্ট মুরতাদ বাশার আল আসাদকে সামরিক সরঞ্জাম এবং যোদ্ধা দিয়ে সহযোগিতা করে।

সিরিয়ার যুদ্ধ পর্যবেক্ষণকারী ব্রিটিশ মানবাধিকার সংস্থা সিরিয়ান অবজারভেটরি ফর হিউম্যান রাইট জানায়, ২০২০ সালে সিরিয়ার ১৩৫টি স্থাপনা লক্ষ্য করে রেকর্ড ৩৯ বার হামলা চালিয়েছে ইসরাইল। অস্ত্রের গুদাম, সামরিক বহর এবং তাদের অবস্থান লক্ষ্য করে এ হামলা চালানো হয়।

ইজরাইলি সেনাদের বিষাক্ত টিয়ার গ্যাসে ফিলিস্তিনি নারীর গর্ভপাত

ইজরাইলি সৈন্যদের ছোঁড়া টিয়ার গ্যাসে অসুস্থ হয়ে সাত মাসের গর্ভবতী ফিলিস্তিনি এক নারীর গর্ভপাত হয়েছে।

ফিলিস্তিনি সংবাদ সংস্থা ওয়াফা নিউজের খবরে বলা হয়, এক সপ্তাহ আগে অধিকৃত পশ্চিম তীর ভূখণ্ডের রামাল্লার কাছাকাছি আল-মুগাইইয়ার গ্রামে ৩৭ বছর বয়সী আরিজ আবু আলিয়ার বাড়িতে ইজরাইলি সৈন্যরা টিয়ার গ্যাস ছুঁড়লে তিনি অসুস্থ হয়ে পড়েন। গুরুতর অসুস্থ অবস্থায় আরিজকে তার স্বামী ইয়াদ হাসপাতালে নিয়ে যান। প্রচুর রক্তক্ষরণের ফলে গর্ভপাত হওয়া এই মাকে বেশ কিছুদিন হাসপাতালের নিবিড় পর্যবেক্ষণে রাখা হয়। চিকিৎসাধীন অবস্থায় তাকে বেশ কয়েকবার রক্তদান করা হয়েছে।

এই দম্পতির আরো আট সন্তান রয়েছে। আরিজের স্বামী ইয়াদ জানান, প্রতিরাতেই ঘুমানোর সময় তাদের ঘরের জানালা দিয়ে টিয়ার গ্যাস আসে। টিয়ার গ্যাস নেয়ার কারণে ফুসফুসে জ্বালাপোড়া, বমি, বুক ব্যথ্যা ও প্রচণ্ড কাশির সংক্রমণে তারা সবাই ভুগছে তার সন্তানরা।

উল্লেখ্য, ফিলিস্তিনি ডাক্তাররা ইজরাইলের বিরুদ্ধে টিয়ার গ্যাসের বদলে রাসায়নিক অস্ত্র ব্যবহারের অভিযোগ করে আসছেন। একইসাথে তারা ইজরাইলি বাহিনীকে নতুন নতুন অস্ত্র তৈরি করে মানবদেহে প্রতিক্রিয়ার পরীক্ষা চালাতে অধিকৃত ভূখণ্ডের বাসিন্দাদের ব্যবহারের জন্য অভিযুক্ত করেন।

খোরাসান | আপন রবের ডাকে সাড়া দিয়ে চলে গেলেন তালেবান মুখপাত্র

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের প্রাক্তন তালিবান মুখপাত্র ও আমিরুল মু'মিনিন মোল্লা মোহাম্মদ ওমর (রহ.)এর ঘনিষ্ঠ সহযোগী মোল্লা আবদুল হাই মুতমাইন ইন্তিকাল করেছেন।

ইমারতে ইসলামিয়া আফগানিস্তান গত ২৩ জানুয়ারি শনিবার, অফিসিয়াল এক বার্তায় জানিয়েছে যে, ইমারতে ইসলামিয়ার প্রাক্তন মুখপাত্র, কান্দাহার প্রদেশের তথ্যমন্ত্রী ও সংস্কৃতি বিভাগের পরিচালক মোল্লা আবদুল হাই মুতমাইন (রহিমাহুল্লাহ) দীর্ঘ অসুস্থতার পর আপন প্রভুর ডাকে সাড়া দিয়ে ক্ষণস্থায়ী এই পৃথিবী ছেড়ে চলে গেছেন।
إِنَّا لِلّٰهِ وَ إِنَّا إِلَيْهِ رَاجِعُوْنَ

মোল্লা আবদুল হাই রহ. তালেবানের প্রতিষ্ঠাতাদের মধ্যহতে অন্যতম একজন এবং তিনি আমিরুল মু'মিনিন মোল্লা ওমর মুজাহিদ (রহ.) এর মুখপাত্র ছিলেন। তিনি 'মোল্লা মোহাম্মদ ওমর, আফগানিস্তান এবং তালিবান' নামে একটি জনপ্রিয় বইয়ের লেখকও ছিলেন। যা ইংরেজিসহ অনেক ভাষায় অনুবাদ হয়েছিল এবং খুব জনপ্রিয় হয়েছিল।

ইমারতে ইসলামিয়া মরহুমের ইন্তেকালে তাঁর পরিবার, প্রিয়জন এবং আত্মীয়-স্বজনদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মহান রবের দরবারে দো'আও করে। আল্লাহ রাব্বুল আলামিন তাকে ক্ষমা ও জান্নাত দান করুন, তাঁর সকল খেদমত, জিহাদ ও হিজরতকে কবুল করুন এবং তাঁর পরিবারকে ধৈর্য ও পুরষ্কার দান করুন। আমীন।

সোমালিয়া | মুজাহিদদের হামলায় ২৩ মুরতাদ সৈন্য হতাহত

আফ্রিকার পূর্বাঞ্চলীয় দেশ সোমালিয়ায় সামরিক বাহিনীর উপর ৪টি হামলা চালিয়েছে আল-কায়েদা। এতে দুই সংসদ সদস্যসহ কমপক্ষে ২৩ মুরতাদ সৈন্য নিহত ও আহত হয়েছে।

শাহাদাহ্ নিউজ এজেন্সী কর্তৃক প্রকাশিত খবর অনুযায়ী, গত ২৩ জানুয়ারি শনিবার, সোমালিয়ার শাবেলী সুফলা রাজ্য, মাদাক রাজ্য ও রাজধানী মোগাদিশুতে দেশটির মুরতাদ সামরিক বাহিনীর বিরুদ্ধে পৃথক ৪টি অভিযান পরিচালনা করেছে আল-কায়েদা শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদিন।

এর মধ্যে রাজধানী মোগাদিশুর আবদুল আজিজ ও হিডেন শহরে সোমালীয় মুরতাদ সরকারের উচ্চপদস্থ কর্মকর্তাদের টার্গেট করে ২টি পৃথক হামলা চালিয়েছেন মুজাহিদগণ। যার ফলে কর্নেল 'হাসান নূর' নিহত এবং সংসদ সদস্য মাহদীন হাসান আফরাহ ও হুসাইন ইরালী গুরুতর আহত হয়েছে। এছাড়াও নিহত হয়েছে ৮ মুরতাদ সৈন্য এবং আহত হয়েছে আরো ২ মুরতাদ সৈন্য।

এমনিভাবে শাবেলী সুফলা রাজ্যের মারাকা শহর এবং মাদাক রাজ্যের জালাকায়ো শহরে এদিন আরো ২টি অভিযান পরিচালনা করেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। যার একটিতে ৬ পুলিশ সদস্য হতাহত এবং একটি গাড়ি ধ্বংস হয়ে যায়। অপর হামলায় ৪ মুরতাদ সৈন্য আহত হয়।

ইয়ামান | মুরতাদ বাহিনীর সামরিক ঘাঁটিতে আল কায়েদার ভারী ক্ষেপণাস্ত্র হামলা

ইয়ামানে মুরতাদ সরকারি বাহিনীর একটি সামরিক ঘাঁটিতে ভারী ক্ষেপণাস্ত্র হামলার ঘটনা ঘটেছে।

বিস্তারিত রিপোর্ট অনুযায়ী, গত ২২ জানুয়ারি শুক্রবার, দক্ষিণ ইয়ামানের শাবওয়াহ রাজ্যে দেশটির মুরতাদ বাহিনীর একটি সামরিক ঘাঁটিতে ভারী ক্ষেপণাস্ত্র হামলা চালানো হয়েছে। যা সরাসরি মুরতাদ বাহিনীর ঘাঁটিতে আঘাত হানে।

আল-কায়েদা আরব উপ-দ্বীপ শাখা জামা'আত আনসারুশ শরিয়াহ্'র জানবাজ মুজাহিদগণ উক্ত সফল ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছেন। এতে মুরতাদ বাহিনীর হতাহত ও ক্ষয়ক্ষতির প্রবল ধারণা করা হচ্ছে।

সোমালিয়া | মুজাহিদদের হামলায় ১৯ সৈন্য হতাহত, আত্মসমর্পণ আরো ৪ সৈন্যের

সোমালিয়ায় দেশটির মুরতাদ সামরিক বাহিনীর উপর পৃথক ২টি হামলা চালিয়েছে আল-কায়েদা পূর্ব আফ্রিকা শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এতে ৭ মুরতাদ সৈন্য নিহত এবং ১২ মুরতাদ সৈন্য আহত হয়েছে।

বিস্তারিত রিপোর্ট অনুযায়ী, গত ২২ জানুয়ারি শুক্রবার সোমালিয়ার যুবা রাজ্যের দুটি শহরে দেশটির মুরতাদ বাহিনীর বিরুদ্ধে ২টি পৃথক অভিযান পরিচালনা করেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন।

যার একটি পরিচালনা করা হয়েছিল কাসমায়ো শহরের আবদুল্লাহ বারুলী এলাকায় অবস্থিত মুরতাদ বাহিনীর একটি সামরিক ঘাঁটিতে। সেখানে মুজাহিদদের হামলায় ৫ মুরতাদ সৈন্য নিহত এবং আরো ১০ মুরতাদ সৈন্য আহত হয়েছে। হামলার শিকার এই বাহিনীটিকে মুজাহিদদের হাত থেকে উদ্ধারের ব্যার্থ চেষ্টা করে ক্রুসেডার কেনিয়ান সৈন্যরা। কিন্তু মুজাহিদদের তীব্র হামলার ফলে ক্রুসেডার সৈন্যরা মুরতাদ বাহিনীর আগেই ময়দান ছেড়ে পালিয়ে যায়। এসময় ক্রুসেডার বাহিনীরও জান-মালের ক্ষয়ক্ষতি হয়।

ঐদিন মুজাহিদগণ তাদের ২য় অভিযানটি পরিচালনা করেন একই শহরের বার্সাঞ্জুনী নামক এলাকায়। এতে মুরতাদ বাহিনীর ২ সৈন্য নিহত এবং অপর ২ সৈন্য আহত হয়।

অপরদিকে একইদিন, যুবা রাজ্যেরই জালব শহর থেকে ৪ সোমালীয় সেনা তাদের সামরিক বাহিনী ত্যাগ করে। অতঃপর নিজেদের ভুল বুঝতে পেরে হারাকাতুশ শাবাব মুজাহিদদের কাছে স্বেচ্ছায় আত্মসমর্পণ করে।

২৩শে জানুয়ারি, ২০২১

৪ শতাধিক হিন্দুকে ফিরিয়ে নিতে চায় মিয়ানমার

২০১৭ সালে বাংলাদেশে আসা রোহিঙ্গাদের মধ্যে শুধু চার শতাধিক হিন্দুকে ফিরিয়ে নিতে চায় মিয়ানয়ামার। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক মুখপাত্র রেডিও ফ্রি এশিয়াকে এ তথ্য জানিয়েছে। গত মঙ্গলবার মিয়ানমার, বাংলাদেশ ও চীনের মধ্যে একটি ভার্চুয়াল বৈঠক অনুষ্ঠিত হয়। সেখানেই বাংলাদেশকে বিষয়টি জানায় মিয়ানমার।
২০১৭ সালে মিয়ানমারের রাখাইন রাজ্যে দেশটির সেনাবাহিনীর নৃশংস গণহত্যার মুখে বাংলাদেশে পালিয়ে আসে প্রায় ৭ লাখ ৪০ হাজার রোহিঙ্গা। তারা বর্তমানে কক্সবাজারের ৩৪টি শিবিরে বাস করছে।

রেডিও ফ্রি এশিয়াকে মিয়ানমার পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক অং কো জানিয়েছে, আমরা যত দ্রুত সম্ভব হিন্দুদের ফিরিয়ে আনতে বাংলাদেশ সরকারের প্রতি অনুরোধ জানিয়েছি। ২০১৯ সালে মিয়ানমার জানিয়েছিল, উদ্বাস্তুদের সঙ্গে কক্সবাজারের শিবিরে ৪৪৪ হিন্দু আশ্রয় নিয়েছে। এখন তারা দেশে ফিরতে চায় বলে জানিয়েছেন রাখাইনের হিন্দু নেতারা। তারা তাদের ইচ্ছার কথা বাংলাদেশ কর্তৃপক্ষকেও জানিয়েছে।

এদিকে ইয়াংগুনভিত্তিক রাখাইন হিন্দু হিউম্যানিটেরিয়ান গ্রুপ রেডিও ফ্রি এশিয়াকে জানিয়েছে, এই প্রত্যাবাসন প্রক্রিয়া হবে সম্মতির ভিত্তিতে। যারা ফিরতে চায় তারা ফিরবে এবং যারা ফিরতে চান না তাদের না ফেরার অধিকার রয়েছে। আমরা শুধু বলতে চাই, তাদের মিয়ানমারে ফেরার সুযোগ উন্মুক্ত করে দেয়া হয়েছে।

সূত্র: মানবজমিন

কাশ্মীরে ভুয়া এনকাউন্টারে নিহত ছেলের জন্য কবর খুঁড়ছেন বাবা

ভারতীয় মালাউন সেনাবাহিনীর ভুয়া এনকাউন্টারে নিহত ছেলে। নিয়মমাফিক এবারও নিহতদের ‘জঙ্গি’ দাবি করে দেহ পরিবারের হাতে তুলে দেয়নি প্রশাসন। তা পুতে ফেলা হয়েছে ‘অজানা’ কোনও স্থানে। কিন্তু ছেলের দেহের অপেক্ষায় দিন গুনছেন বাবা। চোখের জল মুছে পারিবারিক সমাধিস্থলে সন্তানের জন্য খুঁড়ে রেখেছেন কবর। সেখানেই পেতে দিতে চান এক মাত্র পুত্রের শেষশয্যা।

গত বুধবার শ্রীনগর লাগোয়া লইয়াপোরা এলাকায় সন্ত্রাসী বাহিনীর হাতে নিহত হয় আতার মুস্তাক, জুবের আহমেদ এবং আজাজ আহমেদ নামে ৩ তরুণ।

‘ বরাবরের মতই তাদের দাবি ওই ৩ ‘জঙ্গি’ শ্রীনগর-বারামুলা হাইওয়েতে বড়সড় হামলার পরিকল্পনা করছিল।’

কিন্তু সেনার ওই দাবি মানতে নারাজ নিহতের আত্মীয়রা। তাঁদের দাবি, ওই ৩ তরুণ নির্দোষ। ভুয়ো সংঘর্ষে তাদের হত্যা করা হয়েছে বলে পাল্টা অভিযোগ উঠেছে। নিহত ৩ জনের মধ্যে আতার একাদশ শ্রেণির ছাত্র। এনকাউন্টারের পর ৪ দিন কেটে গেলেও ৩ তরুণের দেহ পরিবারের হাতে তুলে দেওয়া হয়নি। প্রশাসন সূত্রে জানা গিয়েছে, সোনমার্গের অজানা কোনও জায়গায় দেহগুলি সমাধিস্থ করা হয়েছে।

কিন্তু ছেলের দেহ ফেরত দেওয়ার দাবি জানিয়েছেন নিহতদের পরিবারের সদস্যরা। পুত্রের জন্য কবর খুঁড়ছেন নিহত আতারের বাবা মুস্তাক আহমেদ ওয়ানি। গর্তের মাটি সরাতে সরাতে তিনি বললেন, ‘‘আমি ছেলের দেহ ফেরতের অপেক্ষায় থাকব যাতে পারিবারিক সমাধিস্থলে ওর দেহ রেখে দেওয়া যায়।’’

ওয়ানির দাবি, ‘‘আমার ছেলে নির্দোষ। ওকে ঠান্ডা মাথায় খুন করা হয়েছে।’’ নিজের খোঁড়া কবরেই শেষবারের মতো ছেলেকে শুইয়ে দিতে চান তিনি। ছেলের দেহ ফেরতের দাবি নিয়ে দেখা করতে চান পুলিশদের সঙ্গেও। চোখের জল চেপে তিনি বললেন, ‘‘যদি দেহ ফেরত না পাই, তাহলে আত্মহত্যা করব।’’ওয়ানির সুর শোনা গেল নিহত জুবের এবং আজাজের পরিবারের সদস্যদের গলাতেও।

উল্লেখ্য, কাশ্মীরে ভারতীয় মালাউন বাহিনী অসংখ্য নিরপরাধ যুবকদের সন্ত্রাসী সাজিয়ে হত্যা করছে। এ ঘটনার আগেও ভুয়া এনকাউন্টারে হত্যার বিভিন্ন ঘটনা প্রকাশিত হয়েছে।

সূত্র: আনন্দবাজার পত্রিকা

এবার গ্যাস–সংকটে চুলা বন্ধ

প্রতিবছরই শীতে ঢাকায় তিতাসের লাইনে সরবরাহ করা গ্যাসের কমবেশি সমস্যা হয়। এ বছর এ সমস্যা প্রকট হয়েছে। গত দু-তিন বছরে কখনো সমস্যা হয়নি, এমন এলাকাতেও দেখা দিয়েছে গ্যাসের সংকট।

কোনো কোনো এলাকায় সারা দিন রান্নার চুলাই জ্বলছে না। এতে চরম দুর্ভোগে পড়েছেন ওই সব এলাকার বাসিন্দারা।

ঢাকা শহরে গ্যাস সরবরাহ করে তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড। শীতে সরবরাহ লাইনে সমস্যার পাশাপাশি জাতীয় গ্রিডে গ্যাসের সরবরাহ কমে যাওয়ায় এমন অবস্থা হয়েছে বলে প্রতিষ্ঠানটি জানিয়েছে।

গ্যাসের সংকটে স্বাভাবিক জীবন ব্যাহত হচ্ছে খিলগাঁও সিপাহীবাগ এলাকার নীলু মমতাজের। তিনি জানিয়েছেন, প্রায় সাত বছর ধরে পরিবারসহ এ এলাকায় থাকেন। প্রতিবছরই নভেম্বরের শেষ দিকে গ্যাসের সমস্যা শুরু হতো। এ বছরও তাই হয়েছে। কিন্তু দেড় সপ্তাহ ধরে ৯টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত একদমই গ্যাস থাকে না। ফলে সারা দিনের খাবার রান্না করতে হয় গভীর রাতে অথবা ভোরে উঠে।

আবার গত সাড়ে তিন বছরে কখনো গ্যাসের সমস্যা দেখেননি ধানমন্ডি ৭/এ–এর বাসিন্দা দীপিকা রহমান। কিন্তু গত এক সপ্তাহ থেকে এখানেও সমস্যা হচ্ছে। তিনি বলেন, বেলা ১১টা থেকে ২টা পর্যন্ত গ্যাসের চাপ খুবই কম থাকে। এক পাতিল পানি গরম করতেও আধ ঘণ্টার বেশি সময় লাগে।

সংকট আরও তীব্র গুলশান ৯০ নম্বর সড়কের বাড়িগুলোতে। এ সড়কের এক বাসিন্দা জানিয়েছেন, গত এক বছর থেকে গ্যাসের সমস্যা হচ্ছে। প্রথম ছয় মাস সকাল ১০টায় গ্যাস চলে যেত, আসত দুপুরে। এরপর সকাল আটটায় গ্যাস চলে যাওয়া শুরু হয়, আসতে থাকে বেলা দুইটার দিকে। এখনো সকাল আটটায় গ্যাস চলে যায়। কিন্তু সারা দিন আর গ্যাস থাকে না, আসে সন্ধ্যায়।

এ তিন এলাকা ছাড়াও রাজধানীর জিগাতলা, হাতিরপুল, কাঁঠালবাগান, সেন্ট্রাল রোড, মোহাম্মদপুরের কাটাসুর, আদাবর ১০ নম্বর, মগবাজারের মধুবাগ, মিরপুর ১৩, আজিমপুরের একাংশ, যাত্রাবাড়ীর রসুলপুর, উত্তরার ৩ ও ১০ নম্বর সেক্টর এবং তুরাগের হরিরামপুরসহ বিভিন্ন এলাকায় গ্যাস–সংকটের তথ্য পাওয়া গেছে।

কাটাসুরের কাদেরাবাদ হাউজিংয়ের বাসিন্দা নিপুল ম্রং বলেন, সকাল ৯টায় তাঁর কর্মস্থলে যেতে হয়। অন্য সময় সকাল ৮টার দিকে ভাত চুলায় বসাতেন। কিন্তু গত দুই সপ্তাহ থেকে ভোর সোয়া ৬টা থেকে সাড়ে ৬টার মধ্যে গ্যাস চলে যায়। এরপর সারা দিন আর গ্যাসের দেখা নেই। গ্যাস আসে রাত সাড়ে ৯টার দিকে।

হঠাৎ গ্যাসের এমন সংকট সম্পর্কে জানতে দায়িত্বশীল কয়েকজনের সঙ্গে কথা বলে জানা গেছে, শীতে সরবরাহ লাইনে একধরনের ‘আর্দ্রতা’ জমে। এতে গ্যাসের চাপ একটু কমে যায়। ফলে চুলাতেও গ্যাসের চাপ কমে। কিন্তু এখন যে সংকট চলছে, তার মূলে রয়েছে গ্যাসের জোগানে ঘাটতি।

সংশ্লিষ্ট ব্যক্তিরা জানিয়েছেন, দেশে এখন দিনে গ্যাসের চাহিদা প্রায় ৩ হাজার ৭০০ মিলিয়ন ঘনফুট। চাহিদার বড় একটি অংশ আসে দেশে উৎপাদিত প্রাকৃতিক গ্যাস থেকে। বাকি অংশের জোগান দেওয়া হয় বিদেশ থেকে আমদানি করা তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের (এলএনজি) মাধ্যমে।

চাহিদা মেটাতে দেশের খনিগুলো থেকে গ্যাস উত্তোলনের লক্ষ্য নির্ধারিত আছে প্রায় ২ হাজার ৭০০ মিলিয়ন ঘনফুট (প্রতিদিন) এবং আমদানি করা এলএনজি থেকে আসার কথা আরও এক হাজার মিলিয়ন ঘনফুট। গত নভেম্বরেও দুই উৎস থেকে প্রায় ৩ হাজার ২০০ মিলিয়ন ঘনফুট গ্যাস পাওয়া গেছে। কিন্তু এখন এটি ২ হাজার ৯০০ মিলিয়ন ঘনফুটের মতো নেমে এসেছে। ফলে গ্যাস সরবরাহে সমস্যা হচ্ছে।

খোলাবাজারে (স্পট মার্কেট) গ্যাসের দাম বৃদ্ধিও জোগান কমার কারণ বলে জানিয়েছে একটি সূত্র। এই সূত্রের দেওয়া তথ্য অনুযায়ী, কাতার ও বাহরাইন থেকে এলএনজি আমদানির জন্য দীর্ঘমেয়াদি চুক্তি আছে। তবে সরবরাহ বাড়াতে গত সেপ্টেম্বর মাসে খোলাবাজার থেকে দৈনিক ৪৫০ থেকে ৫৫০ মিলিয়ন ঘনফুট গ্যাস কেনার সিদ্ধান্ত হয়েছিল। সে অনুযায়ী, অক্টোবর-নভেম্বরে দুবার ওই পরিমাণ এলএনজি কেনাও হয়। কিন্তু এখন খোলাবাজারে গ্যাসের দাম (অক্টোবর-নভেম্বরের তুলনায়) প্রায় দ্বিগুণ হয়েছে। ফলে খোলাবাজার থেকে গ্যাস কেনা বন্ধ রয়েছে। এরও প্রভাব রয়েছে চলমান গ্যাস–সংকটে। প্রথম আলো

ঢাকার বাতাস খুবই অস্বাস্থ্যকর

বায়ুর মানদণ্ডে সারা বিশ্বের মধ্যে ঢাকা খুব বাজে অবস্থানে আছে। বৈশ্বিক র‍্যাঙ্কিংয়ে কখনো প্রথম, কখনো দ্বিতীয় অবস্থানে থাকছে ঢাকা। র‍্যাঙ্কিংয়ে পাল্লা দিচ্ছে পাকিস্তানের সঙ্গে। বায়ুর দূষিত অবস্থা সহনীয় মাত্রার চেয়ে কখনো কখনো সাড়ে ছয় গুণ ছাড়িয়ে যায়।
বিশ্বের বায়ুদূষণ পর্যবেক্ষণকারী যুক্তরাষ্ট্রভিত্তিক আন্তর্জাতিক সংস্থা এয়ার ভিজ্যুয়ালের পর্যবেক্ষণ (এয়ার কোয়ালিটি ইনডেক্স) অনুযায়ী, আজ শনিবার দুপুর আড়াইটার দিকে রাজধানীর বায়ুর মান ছিল ২৩৫, যাকে বায়ুমান সূচকে অস্বাস্থ্যকর বলা হয়। বায়ুদূষণের দিক থেকে এখন বিশ্বে দ্বিতীয় অবস্থানে বাংলাদেশ। দিনভর প্রথম অবস্থানে আছে পাকিস্তানের লাহোর, তৃতীয় অবস্থানে ভারতের দিল্লি। চতুর্থ ও পঞ্চম অবস্থানে ছিল ভিয়েতনামের হেনয় শহর।

গবেষকেরা বলছেন, ঢাকার এমন বায়ু স্বাস্থ্যের ওপর নানাভাবে প্রভাব ফেলছে। ফুসফুসের নানা রোগ, নিউমোনিয়া, অ্যাজমা, শ্বাসকষ্টসহ বিভিন্ন জটিলতায় পড়ছে ঢাকাবাসী।

এয়ার ভিজ্যুয়ালের বায়ুদূষণ পর্যবেক্ষণ যন্ত্র দিয়ে বায়ুর মান মাপা হয়। মূলত বাতাসে অতি সূক্ষ্ম বস্তুকণা পিএম-২.৫–এর পরিমাণ পরিমাপ করে বায়ুর মান নির্ধারণ করা হয়। এয়ার ভিজ্যুয়ালের হিসাবে, বায়ুর মান ০ থেকে ৫০ থাকলে ওই স্থানের বায়ু ভালো। আর মান ২০০ থেকে ৩০০–এর মধ্যে থাকা মানে খুবই অস্বাস্থ্যকর। বায়ুর মান ৩০০–এর বেশি থাকা মানে ওই স্থানের বায়ু 'বিপজ্জনক'। এয়ার কোয়ালিটি ইনডেক্সের হিসাবে, ঢাকার বায়ুর মান শুক্রবার রাত নয়টার দিকে ৩৩২ উঠেছিল।

বায়ুদূষণ নিয়ে কাজ করা গবেষক ও গবেষণা প্রতিষ্ঠানগুলো বলছে, ঢাকার বায়ুদূষণের অন্যতম উৎস হচ্ছে ধুলাবালি। এসব ধূলিকণা মুখে গেলে মানুষ যত্রতত্র থুতু ও কফ ফেলে। তা আবার ধুলার সঙ্গে মিশে নানা

মাধ্যমে মানুষের শরীরে ঢুকতে পারে। আরেকটি উৎস হচ্ছে কয়লা ও জৈব জ্বালানি পোড়ানোর পাশাপাশি শহুরে যান্ত্রিকসহ নানা উৎস থেকে সৃষ্ট ধোঁয়া ও ধুলা। এসব বাতাসে ক্ষুদ্র কণা ছড়ায়, যা মানবস্বাস্থ্যের জন্য ক্ষতিকর।

ঢাকার ধুলা-দূষণ নিয়ে স্টামফোর্ড বিশ্ববিদ্যালয়ের বায়ুমণ্ডলীয় দূষণ অধ্যয়ন কেন্দ্রের (ক্যাপস) একটি গবেষণা আছে। তাতে দেখা গেছে, ঢাকা শহরের গাছপালায় প্রতিদিন ৪৩৬ মেট্রিক টন ধূলিকণা জমে। সেই হিসাবে প্রতি মাসে ১৩ হাজার মেট্রিক টন ধুলা জমার হিসাব পেয়েছেন গবেষকেরা। এই জমে থাকা ধুলা দিনের বেলা বাতাসের সঙ্গে মিশে যেমন দূষণ বাড়ায়, তেমনই রাতে গাড়ির অতিরিক্ত গতির সঙ্গে বাতাসে উড়তে থাকে। ফলে দিনের বেলার চেয়ে রাতের বেলায় বায়ুদূষণের মাত্রা বেড়ে যায়। ঢাকার চারটি পার্ক ও উদ্যানে বিভিন্ন প্রজাতির ৭৭টি গাছের পাতা সংগ্রহের পর বছরের ফেব্রুয়ারি মাসে এই গবেষণা পরিচালনা করে ক্যাপসের গবেষক দল।

ক্যাপসের গবেষকেরা বলছেন, ঢাকার বায়ুর মান ডিসেম্বর মাসজুড়েই খারাপ অবস্থায় ছিল। আর জানুয়ারিতে এটি আরও খারাপ হয়েছে। ২০১৬ থেকে ২০২১ সালের জানুয়ারি, এই পাঁচ বছরের জানুয়ারি মাসের তুলনামূলক চিত্রে এ বছরই ঢাকার বায়ুর মান সর্বনিম্নে। চলতি বছরের প্রথম ২২ দিনের মধ্যে ১৬ দিনই ঢাকার বায়ুর মান বিপজ্জনক ছিল। এমন অবস্থা চলতে থাকলে বায়ুদূষণ নিয়ে যেসব দেশ চিন্তিত, তারা জরুরি অবস্থা ঘোষণা করে।

ক্যাপসের পরিচালক আহ্মদ কামরুজ্জামান মজুমদার আজ দুপুরে প্রথম আলোকে বলেন, দুই কারণে ঢাকার বায়ু বেশি দূষিত। প্রথমটি হচ্ছে বাতাসের দূষিত উপাদান বাতাসেই রয়ে যাচ্ছে। শহরে বড় প্রকল্পের কাজ, নির্মাণাধীন ভবনের কাজ, যানবাহনের ধোঁয়ায় ঢাকার বায়ুর চাপ বেশি। এই দূষিত অংশ বায়ুর নিম্নস্তরে ২০০–৩০০ ফুট ওপরে অবস্থান করছে। ফলে বায়ুদূষণ নিয়ন্ত্রণে এখনই জরুরি পদক্ষেপ নিতে হবে। প্রথম আলো

করোনার টিকা না নিতে পালিয়ে বেড়াচ্ছে ভারতের স্বাস্থ্যকর্মীরা

ভারতে প্রায় এক সপ্তাহ আগে করোনাভাইরাস টিকাদান কর্মসূচি শুরু হয়েছে। এর আগে কোভিশিল্ড ও কোভ্যাক্সিন নামে দুটি টিকার অনুমোদন দেয় ভারত সরকার। এরপর ১৬ জানুয়ারি থেকে ভারতব্যাপী করোনা টিকাদান কর্মসূচি শুরু হয়।

কিন্তু এরই মধ্যে দেশটিতে টিকা নেয়ার পর তিনজনের মৃত্যু হয়েছে। এতেই আতঙ্কিত হয়ে পড়েছে দেশটির স্বাস্থ্যকর্মীরা। এখন টিকা না নিতে রীতিমতো পালিয়ে বেড়াচ্ছেন তারা। অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার করোনা টিকা ভারতে কোভিশিল্ড নামে প্রস্তুত করেছে সিরাম ইন্সটিটিউট।

টাইমস অব ইন্ডিয়া জানিয়েছে, দিল্লির ডাক্তারদের কোভ্যাক্সিন নিতে খুব একটা আগ্রহ নেই। কারণ এই টিকা কতটুকু কার্যকর তা নিয়ে ডাটা এখনও পর্যাপ্ত নয়। যাদের প্রতিরোধ ব্যবস্থা দুর্বল বা ওষুধ ব্যবহার করছেন তাদের কোভ্যাক্সিন না গত ১৯ জানুয়ারি ভারত বায়োটেক একটি ফ্যাক্টশিট প্রকাশ করে।

এমনকি কোনও স্বাস্থ্যগত সমস্যা বা অ্যালার্জি আছে কিনা তাও আগে থেকে জানাতে বলেছে তারা। এদিকে দিল্লিতে কেন্দ্রীয় সরকার পরিচালিত মাত্র ছয়টি হাসপাতালে কোভ্যাক্সিন দেয়া হচ্ছে।

যেখানে রাজ্যের সব সরকারি ও বেসরকারি হাসপাতালে কোভিশিল্ড দেয়া হচ্ছে। এর ফলে স্বাস্থ্যকর্মীদের মধ্যে দ্বিধা ও অসন্তোষ দেখা দিয়েছে। বিহারের অনেক ডাক্তার এবং মেডিকেল শিক্ষার্থী তো কোভ্যাক্সিন নিতে চায় না বলে জানিয়েছে। কারণ এই টিকার তৃতীয় পর্যায়ের ট্রায়াল এখনও প্রাথমিক পর্যায়ে রয়েছে।

পুলিশের ভুলে বিনা অপরাধে ৫ বছরে জেল খাটল আরমান

বিনা অপরাধে পাঁচ বছর কারাগারে আটক থাকা রাজধানীর পল্লবী এলাকার বেনারসি কারিগর মো. আরমান কাশিমপুর কারাগার থেকে মুক্তি লাভ করেছে।

বৃহস্পতিবার দুপুরে কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ থেকে মুক্তি দেওয়ার পর তাকে পরিবারের লোকজন বাড়ি নিয়ে গেছেন। ওই কারাগারের জেল সুপার আব্দুল জলিল বিষয়টি নিশ্চিত করেছে।

আরমানের মুক্তিলাভের খবরে তার মা, স্ত্রী, সন্তান ও আত্মীয়-স্বজনরা কারা ফটে অপেক্ষায় থাকেন। দুপুরের দিকে কারাগার থেকে বের হয়ে আসলে আরমানের দুই সন্তান ও স্বজনরা ফুল দিয়ে বরণ করে নেন। এ সময় স্বজনরা আরমানকে ধরে কান্নায় ভেঙে পড়েন।

জানা গেছে, ২০০৫ সালে রাজধানীর মোহাম্মদপুর থানায় বিস্ফোরক আইনে এক মামলা দায়ের করা হয়। সেই মামলায় ককটেল ও দেশীয় অস্ত্রসহ সাতজনকে গ্রেপ্তার করে গোয়েন্দা পুলিশ। আসামিদের দেওয়া তথ্যে তাদের সহযোগীদের ধরতে ডিবির এসআই নূরে আলম সিদ্দিকী পল্লবীর বিহারি ক্যাম্পের এক বাসায় অভিযান চালিয়ে ৪০ বোতল ফেনসিডিলসহ শাহাবুদ্দিন বিহারি ও তার দুই সহযোগীকে আটক করে।

এ ঘটনায় পল্লবী থানায় মামলা হয় মাদক দ্রব্য আইনে। পরে ২০০৫ সালের ১৮ সেপ্টেম্বর শাহাবুদ্দিনসহ গ্রেপ্তার তিন জনের বিরুদ্ধে অভিযোগপত্র জমা দেয় পুলিশ। ২০০৭ সালের ৫ মার্চ জামিনে মুক্ত হন শাহাবুদ্দিন।

২০১২ সালের ১ অক্টোবর মামলায় শাহাবুদ্দিন ও তার দুই সহযোগীর প্রত্যেককে ১০ বছরের জেল ও ৫ হাজার টাকা জরিমানার রায় দেন জননিরাপত্তা বিঘ্নকারী ঢাকার অপরাধ দমন ট্রাইব্যুনালের বিচারক। এরপর পলাতক শাহাবুদ্দিনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করা হয়।

এ ঘটনার দীর্ঘদিন পর ২০১৬ সালের ২৭ জানুয়ারি সকাল সাড়ে ৯টার দিকে পল্লবীর ব্লক-এ, সেকশন ১০ নম্বর এলাকায় অভিযান চালায় পল্লবী থানার পুলিশ। এ অভিযানে ছিলেন তৎকালীন ওই থানার এসআই রাসেল, যিনি বর্তমানে মিরপুর মডেল থানায় কর্মরত। আরমান বাসায় নাশতা করে চা পানের জন্য পাশের একটি চায়ের দোকানে যান।

সেখান থেকে শাহাবুদ্দিনের বাবার নামের সাথে মিল থাকায় আরমানকে গ্রেপ্তার করে পুলিশ। এর পর থেকে আরমানকে কাশিমপুর কারাগার-২ এ রাখা হয় ।

পরে আইনজীবী হুমায়ূন কবির পল্লবের এক রিট আবেদনের প্রেক্ষিতে গত ৩১ ডিসেম্বর বিচারপতি মো. মজিবুর রহমান মিয়া ও বিচারপতি মহি উদ্দিন শামীমের হাইকোর্ট বেঞ্চ দীর্ঘ ৫ বছর পর আরমানকে মুক্তি দেওয়া হয়।

২২শে জানুয়ারি, ২০২১

আ.লীগের দুই পক্ষের সভায় ১৪৪ ধারা জারি

নাটোরের লালপুরে একই স্থানে আওয়ামী লীগের দুই পক্ষ সভা আহ্বান করায় ১৪৪ ধারা জারি করেছে উপজেলা প্রশাসন। উপজেলার কদিমচিলান ইউনিয়নের শেখচিলান সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে বৃহস্পতিবার দুপুর ১২টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত সভা-সমাবেশ নিষিদ্ধ করা হয়েছে।

উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কার্যালয় সূত্রে জানা যায়, কদিমচিলান ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক মাজেদুল ইসলাম আজ বেলা ২টায় শেখচিলান প্রাথমিক বিদ্যালয় মাঠে ওয়ার্ড আওয়ামী লীগের ত্রিবার্ষিক কাউন্সিল আহ্বান করেন। সকাল থেকে সেখানে প্যান্ডেল নির্মাণের জন্য মাইক, শামিয়ানা ও চেয়ার জড়ো করা হয়। একই মাঠে বর্তমান কমিটির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক সেলিম রেজা দলের বিশেষ বর্ধিত সভা আহ্বান করেন। যদিও মাঠে তাঁদের কোনো তৎপরতা ছিল না।

এই পরিস্থিতিতে ইউএনও উম্মুল বানীন বিদ্যালয় মাঠে ১৪৪ ধারা জারি করে সভা-সমাবেশ নিষিদ্ধ ঘোষণা করেন। দুপুরে এ ব্যাপারে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে মাইকিং করা হয়। এ বিষয়ে ইউএনও বলেন, উভয় পক্ষ একই মাঠে সম্মেলন করলে শান্তি-শৃঙ্খলা বিনষ্ট হওয়ার আশঙ্কা আছে। তাই সেখানে ১৪৪ ধারা মোতাবেক নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে।

আওয়ামী লীগ নেতা মাজেদুল ইসলাম বলেন, তিনি ইউএনওর কাছে ওই মাঠে কাউন্সিল আয়োজনের অনুমতি নিয়েছেন। প্রস্তুতিও শেষ করেছেন। হঠাৎ সেখানে আওয়ামী লীগের আরেকটি অংশ বর্ধিত সভা আহ্বান করে বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করছে। তাঁরা বর্তমান কমিটিতে থাকায় নতুন কমিটি গড়তে অনীহা প্রকাশ করছেন। এ জন্য এই ঝামেলা সৃষ্টি হয়েছে। তাঁরা কাউন্সিল না করে নেতৃত্ব টিকিয়ে রাখতে চাচ্ছেন।

বর্ধিত সভার আহ্বায়ক সেলিম রেজা বলেন, কাউন্সিল করার দায়িত্ব ইউনিয়ন আওয়ামী লীগের। অথচ সংশ্লিষ্টদের না জানিয়ে বহিষ্কৃত এক নেতা সম্মেলন আহ্বান করেছেন। তাঁর সম্মেলন করার এখতিয়ার নেই। প্রথম আলো

অন্তরঙ্গ মুহূর্তের ভিডিও ধারণ: ছাত্রলীগ নেতা আটক

টাঙ্গাইলের মির্জাপুর উপজেলায় ছাত্রলীগের এক নেতাকে গোপন ক্যামেরায় গোসলের দৃশ্য ধারণ এবং অন্তরঙ্গ মুহূর্তের ভিডিও ধারণের কারণে আট করা হয়েছে।

গ্রেপ্তার হওয়া ব্যক্তি হল হিমেল সিকদার (২৩)। তিনি ফতেপুর ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক। তাঁর বাড়ি থলপাড়া গ্রামে।

হিমেল ঘটনা স্বীকার করেছে। তাঁর তিনটি মুঠোফোন ও গোপন ক্যামেরা জব্দ করা হয়েছে।

স্থানীয় লোকজনের সঙ্গে কথা বলে জানা যায়, হিমেল আট মাস আগে বিয়ে করে। পরিবার তা মেনে না নেওয়ায় তাঁরা ইউনিয়নপাড়া এলাকায় ভাড়া বাসায় থাকতে। হিমেল কয়েক দিন ধরে গোপন ক্যামেরার মাধ্যমে বাসার মালিকের মেয়ের গোসলের দৃশ্য ধারণ করেন। সর্বশেষ তিনি ওই বাসায় আসা নতুন ভাড়াটিয়া দম্পতির অন্তরঙ্গ মুহূর্তের দৃশ্য ধারণের লক্ষ্যে গত মঙ্গলবার দিবাগত রাত দুইটার দিকে ঘরের আড়ায় গোপন ক্যামেরা বসান।

ওই দম্পতি দেখে ফেলে ঘর থেকে বেরিয়ে হিমেলকে কক্ষের দরজা খুলতে বলেন। দরজা না খুলতে চাইলে ওই দম্পতি মালিকপক্ষকে ডাকেন। মালিকের মেয়ে এলে হিমেল দরজা খোলেন। প্রথমে তিনি গোপন ক্যামেরার কথা অস্বীকার করলেও পরে স্বীকার করেন। পরদিন বুধবার দুপুরে তাঁর মুঠোফোনে বাড়ির মালিকের মেয়ের গোসলের পাঁচটি ভিডিও পাওয়া যায়।

ভারতে টিকা নেওয়ার ২৪ ঘণ্টার মধ্যে আরেক স্বাস্থ্যকর্মীর মৃত্যু

ভারতের তেলেঙ্গানা রাজ্যে করোনাভাইরাসের টিকা নেওয়ার ২৪ ঘণ্টার মধ্যেই এক স্বাস্থ্যকর্মীর মৃত্যু হয়েছে। গত বুধবার ভোরে ৪২ বছর বয়সী ওই স্বাস্থ্যকর্মীর মৃত্যু হয়।

ভারতীয় সংবাদমাধ্যম হিন্দুস্তান টাইমসের প্রতিবেদনে বলা হয়, গত মঙ্গলবার বেলা সাড়ে ১১টার দিকে নির্মলা জেলার একটি স্বাস্থ্যকেন্দ্রে ওই স্বাস্থ্যকর্মীকে ভ্যাকসিন দেওয়া হয়। এরপর এদিন দিবাগত রাত আড়াইটার দিকে তার বুকে ব্যথা শুরু হয়। পরে ভোর সাড়ে ৫টার দিকে তাকে হাসপাতালে নিয়ে আসা হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন।

জেলার টিকাদান সংক্রান্ত কমিটি মৃত্যুর কারণ জানতে ইতিমধ্যে ময়নাতদন্তের জন্য মরদেহ মর্গে পাঠানো হয়েছে। রাজ্যের কমিটিকে এই ময়নাতদন্তের রিপোর্ট জমা দেওয়া হবে। সেই রিপোর্ট দেখার পর তা পাঠানো হবে কেন্দ্রীয় কমিটির কাছে।

গত শনিবার থেকেই ভারতে শুরু হয়েছে করোনাভাইরাসের ভ্যাকসিন প্রদান। এরপর উত্তরপ্রদেশের মোরাদাবাদে সরকারি হাসপাতালের ৪৬ বছরের এক ওয়ার্ড বয়ের মৃত্যু হয় টিকা নেওয়ার ২৪ ঘণ্টার মধ্যে। তার পরিবারেরও দাবি, টিকা নেওয়ার আগে থেকেই অসুস্থ ছিলেন তিনি।

এছাড়াও কর্ণাটকের ৪৩ বছরের এক ব্যক্তিও মারা গেছেন ভ্যাকসিন নেওয়ার পরে। আমাদের সময়

ইসরায়েলের কারাগারে দুই ফিলিস্তিনি নিহত

দখলদার ইসরায়েলের কারাগারে আবারও এক বন্দী ফিলিস্তিনি নিহত হয়েছেন। দীর্ঘ ১৪ বছর যাবৎ ইসরায়েলের কারাগারে বন্দী থাকা অবস্থায় মারা যান তিনি।

প্যালেস্টাইন প্রিজনার সোসাইটি এক বিবৃতিতে জানিয়েছেন, গত ২০ জানুয়ারি সন্ত্রাসী ইসরায়েলের কারাগারে মারা যান তিনি।

৬ সন্তানের পিতা 'সাসা' বিভিন্ন রোগে আক্রান্ত ছিলেন। তবে,তিনি ঠিক কি কারণে মারা যান তা এখনও স্পষ্ট জানা যায়নি।

তাঁকে ২০০৬ সালে সন্ত্রাসী ইসরায়েল গ্রেফতার করে নিয়ে যায়। পরে ২৫ বছরের কারাদণ্ড দেয়া হয়।

এ ঘটনার মাত্র তিন দিন পূর্বে 'আব্দুর রাহমান' নামে এক বন্দী ফিলিস্তিনি কিশোর মারা যান। ১৬ বছরের কিশোর আব্দুর রাহমান ক্যান্সারে আক্রান্ত ছিলেন।

ইসরায়েল সন্ত্রাসীরা তাঁকে কোন প্রকার চিকিৎসা করতে অনুমতি দেয়নি। ফলে বিনা চিকিৎসায় মরতে হল তাঁকে।

সূত্র : কুদুস নিউজ নেটওয়ার্ক।

বৃষ্টি ও বন্যায় বিপর্যস্ত সিরিয়া, শরণার্থীদের করুণ হাহাকার

করুণ অবস্থার মধ্য দিয়ে কাটছে উত্তর সিরিয়ার শরণার্থীদের দিনগুলো। তীব্র শৈত্য প্রবাহ, ঝড়ো-হাওয়া ও অবিরাম বৃষ্টিতে সৃষ্ট বন্যায় ধ্বসে পড়েছে তাদের একমাত্র আশ্রয়ের শত শত তাবু। মাথা গুঁজার মতো সামান্য ঠাঁইটুকু পাচ্ছে না সেখানকার বাসিন্দারা।

স্থানীয় সূত্র আল-কুদস কে জানায়, অবিরাম বৃষ্টিপাত এবং বন্যার ফলে ইদলিব পল্লীতে ভেঙে পড়েছে শরণার্থীদের শিবিরগুলো। এর ফলে একটি শিশু মারা যায় এবং তিনজন গুরুতর আহত হয়। পানি আর কাদায় শরণার্থীদের চলাচল দুঃসাধ্য হয়ে পড়েছে। তাবুর সাথে সংযুক্ত ৮ কিলোমিটারেরও বেশি রাস্তা ক্ষতিগ্রস্ত হয়ে তাবু থেকে বিচ্ছিন্ন হয়ে গেছে।

ফলে আহত ও অসুস্থ রোগীদের হাসপাতালে নেয়ার জন্য কোনো গাড়ি তাবু পর্যন্ত পৌঁছাতে পারছে না। সেদিন এক বৃদ্ধা মহিলা প্রচন্ড অসুস্থ হয়ে পড়লে কম্বলে পেচিয়ে কাঁধে করে কাদা-পানির দীর্ঘ পথ অতিক্রম করে তাকে হাসপাতালে নিতে হয়েছিল।

সূত্রটি আরো জানায়, ইদলিবের উত্তরের পল্লীতে 'নাগরিক প্রতিরক্ষা' দলগুলি তাঁবুগুলোর ধ্বংসস্তূপ অপসারণে কাজ করছে। আহতদের কাছাকাছি মেডিকেল সেন্টারে ভর্তি করার চেষ্টা করেছে।

তাদের বিবৃতি অনুসারে, গত তিনদিন ধরে লাগাতার বৃষ্টিপাতের ফলে শুধু ইদলিব এবং আলেপ্পো গ্রামাঞ্চলেই ১৬৯ টিরও বেশি তাঁবু ক্ষতিগ্রস্ত হয়েছে। লেবাননেও ক্ষতিগ্রস্ত হয়েছে শতশত আশ্রয় শিবির।

আল-জাজিরার তথ্যমতে ৫০ হাজারেরও বেশি মানুষ এই দুর্যোগে ক্ষতিগ্রস্ত ও বস্তিচ্যুত হয়।

সিরিয়ার উত্তরাঞ্চলীয় শিবিরগুলির একজন কর্মী 'রামি আল-আসাদ' 'আল-কুদস আল-আরবী' কে জানান, কাদা আর পানিতে তাঁবুগুলির অবস্থা অত্যন্ত পর্যদুস্ত। আর্থিক সংকটের কারণে ৩ বছরেরও বেশি সময় ধরে তাঁবুর কোনো পরিবর্তন ও উন্নতি করা সম্ভব হয়নি। প্রতি বছরই রোদ বৃষ্টি ও ঝড়-বাতাসে তারা প্রচন্ড ক্ষতিগ্রস্ত হয়।

এই তাঁবুগুলো প্রবল বর্ষণ ও ঝড়ো হাওয়ার মোকাবেলায় টিকে থাকতে সক্ষম নয়।

তিনি আরো জানান, উত্তর সিরিয়ার আবহাওয়া অনেক অঞ্চল থেকে একদম ভিন্ন। তিন-চার দিন যাবত এখানে লাগাতার মুষলধারে বৃষ্টি হচ্ছে। এর সঙ্গে প্রচন্ড শৈত্য প্রবাহ। শীতবস্ত্র ও উষ্ণ উপকরণের অভাবে সেখানে বিভিন্ন রোগ ছড়িয়ে পড়েছে(আল্লাহ তায়ালার ইচ্ছায়) । সেই সাথে রয়েছে পানি ও খাদ্যর সংকট।

রামি আসসায়্যিদ বলেন, লোকেরা নাইলনের ব্যাগ, জাইতুনের ডাল ও পরিত্যাক্ত জীর্ণ কাপড় দিয়ে শীত থেকে বাঁচার চেষ্টা করছে।

তিনি আরো বলেন, আজ ১০ বছর হলো সিরিয়া জ্বলছে। লক্ষ লক্ষ গৃহচ্যুত মানুষ খাদ্য ও নিরাপত্তার অভাবে চরম দুর্ভোগ ও দুর্দিনের মধ্যে দিয়ে কালাতিপাত করছে। অতি শীঘ্রই এর একটা স্থায়ী সমাধান বের করা অত্যন্ত জরুরী।

আলবালাদ আরবী সংবাদপত্রের এক প্রতিবেদনে বলা হয়েছে, ইদলিবের পল্লিগুলোতে "সম্পূর্ণরূপে ক্ষতিগ্রস্থ তাঁবুর সংখ্যা ২৭৮ টিরও বেশিতে গিয়ে পৌঁছেছে। আর ৫১৩ টি তাঁবু আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে।

এদিকে 'শরণার্থী অধিকার সংস্থা' আন্তর্জাতিক ও স্থানীয় সংস্থাগুলি, পাশাপাশি আরব স্টেটস লিগ এবং মানবাধিকার বিষয়ে কর্মরত সকল পক্ষকে উত্তর-পশ্চিম সিরিয়ার শিবিরগুলি সহ অন্য সকল বিপদগ্রস্ত শরণার্থীদের সহায়তায় অতি দ্রুত পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছে।

জেরুসালেমকে ইসরায়েলের রাজধানী মনে করে আমেরিকার নতুন পররাষ্ট্রমন্ত্রী

ক্রুসেডার আমিরিকার নতুন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্থনি ব্লিংকেন বলেছে, সে পবিত্র আল-কুদস বা জেরুসালেম শহরকে অবৈধ রাষ্ট্র ইসরায়েলের রাজধানী মনে করে।

গত ১৯ জানুয়ারি সিনেটের এক শুনানিতে তাকে জিজ্ঞেস করা হয় সে জেরুসালেম শহরকে ইসরায়েলের রাজধানী মনে করেন কিনা এবং ট্রাম্পের বিদায়ের পর জেরুসালেম শহরেই মার্কিন দূতাবাস রাখা হবে কিনা। জবাবে ব্লিংকেন দুইবার হ্যাঁ বলে।

দীর্ঘদিনের অনুসৃত নীতি উপেক্ষা করে লম্পট ট্রাম্প ফিলিস্তিনের জেরুসালেম শহরকে ইহুদিবাদী সন্ত্রাসীদের অবৈধ রাষ্ট্র ইসরাইলের রাজধানী হিসেবে অবৈধভাবে স্বীকৃতি দেয় এবং তেল আবিব থেকে মার্কিন দূতাবাস জেরুসালেম শহরে স্থানান্তর করে।

আমেরিকার নতুন সরকারের পররাষ্ট্রমন্ত্রীর এই ঘোষণার পর ফিলিস্তিনের ইসলামি প্রতিরোধ আন্দোলন হামাস বলেছে, আন্তর্জাতিক যে সমস্ত আইন ও প্রস্তাবনার মাধ্যমে জেরুসালেম শহরকে ইহুদিবাদী ইসরায়েলের হাতে দখল হয়ে যাওয়া শহর হিসেবে উল্লেখ করা হয়েছে, ব্লিংকেনের বক্তব্য তার সাথে সম্পূর্ণভাবে সাংঘর্ষিক। হামাসের মুখপাত্র হাজেম কাসেম বলেছেন, এটি সমস্ত আরব জাতির জন্য আরেকটি প্রকাশ্য অপমান।

বিশেষজ্ঞরা বলছেন, যেসব দেশ বাইডেন প্রশাসনের কাছে নতুন কিছু প্রত্যাশা করছিল এই বক্তব্যের মধ্যদিয়ে মার্কিন প্রশাসন তাদের মুখে থাপ্পড় মেরেছে। ব্লিংকেনের এই বক্তব্যের মধ্যদিয়ে আবার পরিষ্কার হলো যে, তারা দখলদার ইহুদিবাদী ইসরায়েল সরকারকে সমর্থন করছে এবং তাদের নেতৃত্বে কোনো পরিবর্তন আসবে না। এও পরিষ্কার হলো যে, ফিলিস্তিনকে উদ্ধারের একমাত্র পথ জিহাদ-ফি-সাবিলিল্লাহ্।

২১শে জানুয়ারি, ২০২১

আলজেরিয়ায় পৈশাচিক গণহত্যা : ক্ষমা চাইবে না ফ্রান্স

ফরাসী রাষ্ট্রপতি ম্যাক্রন আলজেরিয়ায় উপনিবেশিক নির্যাতনের জন্য সরকারী ক্ষমা চাওয়ার বিষয়টি প্রত্যাখ্যান করেছে, বুধবার তার অফিস এ তথ্য জানিয়েছে। খবর আলজাজিরা।

ম্যাক্রনের অফিস জানিয়েছে, আলজেরিয়ায় আট বছরের রক্তক্ষয়ী যুদ্ধের জন্য কোন অনুশোচনা বা ক্ষমা প্রার্থনা করা হবে না।

ফ্রান্স উপনিবেশিক আমলের পরে জন্ম নেওয়া প্রথম ফরাসী রাষ্ট্রপতি ম্যাক্রন আলজেরিয়ায় ফরাসী অপরাধকে স্বীকৃতি দেওয়ার ক্ষেত্রে তাঁর পূর্বসূরীদের চেয়ে আরও বেশি এগিয়ে গিয়েছে।

নির্বাচনের আগে, ফেব্রুয়ারী ২০১৭ সালে, ম্যাক্রন আলজেরিয়ান টিভি চ্যানেলের সাথে একটি সাক্ষাৎকারে আলজেরিয়ায় ফ্রান্সের উপনিবেশকে "মানবতার বিরুদ্ধে অপরাধ" হিসাবে স্বীকার করেছিল।

এক বছর পরে, সে স্বীকার করেছে যে ফ্রান্স আলজেরীয় যুদ্ধের সময় নির্যাতনের এমন একটি ব্যবস্থা প্রবর্তন করেছিল, যা ১৩২ বছরের ফরাসী শাসনের অবসান ঘটিয়েছে।

গণতন্ত্রের ধূয়া তুলে যে ইউরোপীয় দেশগুলোর মুখ ফেনিয়ে গেছে, এক সময় এরাই বিশ্বের বিভিন্ন দেশে ছলে বলে কৌশলে উপনিবেশ গড়ে তুলেছিল। সম্পদের পাহাড় গড়তে এরা নির্বিচারে মানুষ হত্যা করতেও দ্বিধা করেনি। তাদের উপনিবেশের বাসিন্দারা ছিল ‘ ইতর প্রাণী’ । আর তারা ছিল ত্রাতা।

বিখ্যাত ফরাসী ঐতিহাসিক ও রাজনীতিবিদ অ্যালেক্সিস দ্য তকিউভিলে ১৮৩৫ সালে প্রকাশিত তাঁর ‘Democracy in America’ গ্রন্থে এ বিষয়টির প্রতি ইঙ্গিত দিয়ে বলেছে, ‘আমরা যদি আমাদের চিন্তাধারার প্রতি লক্ষ্য করি, আমাদেরকে প্রায় এ সিদ্ধান্তে উপনীত হতে হয় যে, ইউরোপীয়রা মানবজাতির এক ভিন্ন গোত্রভুক্ত সম্প্রদায়, যেমন ইতর প্রাণীর বিপরীতে মানব সম্প্রদায়। সে তার নিজের প্রয়োজনে তাদেরকে বশীভূত করে এবং যখন তা করতে ব্যর্থ হয় তার বিনাশ সাধন করে।’

এই বিনাশের মাত্রাটা বেশি ছিল আফ্রিকা মহাদেশে। আফ্রিকার প্রাকৃতিক সম্পদ কুক্ষিগত করতে হেন অপকর্ম নেই যা করেনি ইউরোপীয়রা। তাদের কাছে আফ্রিকার মানুষ ছিল ওরাং ওটাং। ইউরোপের গোত্রভুক্ত ফ্রান্স ১৯ শতকের শুরুতে উপনিবেশ বিস্তার করতে শুরু করে। বর্তমানে ফ্রান্সের আয়তন ৬ লাখ ৭৪ হাজার ৮৪৩ বর্গ কিলোমিটার। অথচ ১৯৬০ সাল পর্যন্ত সাম্রাজ্যবাদী এ দেশটির অধিভুক্ত এলাকা ছিল ১ কোটি ১৬ লাখ ৭২ হাজার ১৫৭ বর্গকিলোমিটার। এর মধ্যে বড় একটি অংশ ছিল আফ্রিকা মহাদেশে।

১৮৩০ সালে আলজেরিয়া দখলের মধ্য দিয়ে আফ্রিকায় প্রবেশ করে ফ্রান্স। তারা দেশটি শাসন করে ১৯৬২ সাল পর্যন্ত। আলজেরীয় তথ্যসূত্র মতে প্রায় ১৩০ বছরের 'সভ্যতার মিশনে' তারা ২০ লাখের বেশি আলজেরীয়কে হত্যা করেছে। ফ্রান্সের হিসাব অনুযায়ী দশ লাখ আলজেরীয় এবং এক লাখ ফরাসি নিহত হয়েছে।

এবার আসি আলজেরিয়ায় পরিচালিত ফ্রান্সের সেই গণহত্যার ইতিহাসের দিকে। ১৯৩৯ সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হলে জেনারেল শার্ল দ্য গলের আহ্বানে আলজেরিয়ার তরুণরা ফ্রান্সের পক্ষে অক্ষশক্তির বিরুদ্ধে যুদ্ধে যোগ দেয়।১৯৪৫ সালে নাৎসি বাহিনীর বিরুদ্ধে ফ্রান্স ও মিত্র বাহিনী জয় লাভ করে। বিজয় উদযাপনের জন্য ৮ মে আলজেরিয়ার সেফিত শহরে জমায়েত হয় তরুণরা। সেখানে সাল বোউজিত নামে এক কিশোর স্বাধীন আলজেরিয়ায় পতাকা নিয়ে এলে আলজেরীয়দের অনেকেই স্বাধীনতার স্বপক্ষে স্লোগান দেয়া শুরু করে। এসময় সেখানে জেনারেল দুঁভালের নেতৃত্বে ফরাসি সেনারা গুলি চালালে ওই কিশোর নিহত হয়। মুহূর্তে পুরো এলাকায় তাণ্ডব শুরু করে ফরাসি সেনারা। ওই দিন সেতিফে এক হাজার আলজেরীয় নিহত হয়। সেতিফের পাশের শহর গুয়েলমাতে একই দিন বিক্ষোভ মিছিল বের করে আলজেরীয়রা। সেখানেও গুলি চালায় ফরাসি সেনারা।

এর ফলে শহর দুটিতে ফরাসি বসতি স্থাপনকারীদের সঙ্গে দাঙ্গায় জড়িয়ে পড়ে আলজেরীয়রা। ইউরোপীয় ইতিহাসবিদদের মতে, দাঙ্গায় ১০৩ জন ফরাসি নাগরিক নিহত হয়েছে। তবে আলজেরীয়রা বলেছে, নিহত ফরাসির সংখ্যা সর্বসাকুল্যে ১২। এর প্রতিক্রিয়ায় আলজেরিয়া জুড়ে হত্যার উৎসবে মেতে ওঠে ফরাসি সেনারা। আলজেরীয়দের দমনের জন্য তাৎক্ষণিক যে গণহত্যা চালানো হয়, তাতে নিহত হয় প্রায় ৪৫ হাজার লোক। কতোটা নৃশংস হত্যাকাণ্ড ছিলো তা ফুটে ওঠে এক ফরাসি সেনা কর্মকর্তার মন্তব্যে।

আলজেরীয়দের লাশ গুম করার দায়িত্বে নিয়োজিত ওই সেনা কর্মকর্তা তার সঙ্গের অফিসারকে বলে, তুমি এত দ্রুতগতিতে তাদেরকে কচুকাটা করে চলেছো যে, আমি মাটিচাপা দিয়ে শেষ করতে পারছি না।

মুসলমানদের এলাকাগুলোতে প্রবেশ করতে ব্যর্থ হয়ে ফরাসি সশস্ত্র বাহিনী কারাটা ও বুগি এলাকায় বিমান হামলা চালায়। ফরাসি সেনারা জাইলস শহরে আলজেরীয় বন্দিদের নির্বিচারে হত্যা করে। ইউরোপীয় ঐতিহাসিকদের দাবি নিহত আলজেরীয়দের সংখ্যা ৬ হাজার। তবে নিরপেক্ষ ঐতিহাসিকদের দাবি পাঁচ দিনে ফরাসি সেনারা পুরো আলজেরিয়ায় ৪৫ হাজার লোককে হত্যা করেছে।

ব্রিটিশ ঐতিহাসিক অ্যালিস্টার হর্ন তার বিখ্যাত অ্য সেভেজ ওয়্যার অব পিস বইতে লিখেছে, অভিযান চলাকালে নৃশংসভাবে আলজেরীয় নারীদের ধর্ষণ করে ফরাসি সেনারা। ধর্ষণ শেষে অনেক নারীর স্তন তারা কেটে ফেলে। হত্যার পর অনেকের মৃতদেহ বিকৃত করতেও কসুর করেনি সেনারা। এই গণহত্যার পর আলজেরিয়ার জনগণের স্বাধীনতার আন্দোলন জোরদার হয়। ১৯৫৪ সালে ফরাসি ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে আলজেরীয়দের গণজাগরণ শুরু হয়। শেষ পর্যন্ত ১৯৬২ সালে ফরাসিরা আলজেরিয়াকে স্বাধীনতা দিতে বাধ্য হয়। তবে এই সময়ের মধ্যে অভিযান ও বিচারের নামে দেশটির অন্তত ১০ লাখ মুসলমানকে হত্যা করা হয়।

একটি প্রজন্ম ভুল করলে আরেকটি প্রজন্ম ক্ষমা চাইবে- সভ্যতার আলো মানুষকে তাই শিক্ষা দিয়েছে। কিন্তু নিজেদের স্বার্থ রক্ষার বেলায় যারা মানবাধিকারের তুবড়ি ছোটাতে দক্ষ সেই ফরাসিরা কিন্তু আজও আলজেরিয়ায় চালানো গণহত্যার বিষয়ে ক্ষমা চায়নি। ২০১২ সালে ফরাসি প্রেসিডেন্ট ফ্রাঁসোয়া ওঁলাদ আলজেরিয়ার জনগণের ওপর চালানো 'হত্যাযজ্ঞের' কথা স্বীকার করেছে। তবে ওই নির্মমতার জন্য ফ্রান্সের পক্ষ থেকে ক্ষমা চাইবে না!

তথ্যসূত্র :

জেনোসাইড সিক্স নাইনটিন ফরটি ফাইভ : ফিলিপ স্পেন্সার

দ্য গার্ডিয়ান

উইকিপিডিয়া

আলজেরিয়া ডটকম

ভারতের সেরাম ইনস্টিটিউটে ভয়াবহ আগুন, নিহত ৫

বৃহস্পতিবার (২১ জানুয়ারি) বেলা ৩টার দিকে পুনেতে সেরাম ইনস্টিউটের ওই ভবনে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।

বিশ্বের বৃহত্তম টিকা প্রস্তুতকারক প্রতিষ্ঠান ভারতের সেরাম ইনস্টিটিউটের নির্মাণাধীন একটি ভবনে অন্তত পাঁচজনের মৃত্যু হয়েছে।

দক্ষিণ মহারাষ্ট্রের পুনে শহরের ফায়ার সার্ভিস জানায়, আগুন লাগার কারণ তাৎক্ষণিকভাবে জানা যায়নি।

দমকল কর্মীরা আগুন নেভানোর সময় প্রচুর ধোঁয়া দেখা যাচ্ছিল।

বাংলাদেশ সেরাম ইনস্টিউটের কাছ থেকেই তিন কোটি ডোজ টিকা কিনেছে, যার প্রথম চালান ২৫ জানুয়ারির মধ্যে দেশে পৌঁছানোর কথা।

এছাড়া, ভারত সরকার উপহার হিসেবে বৃহস্পতিবার (২১ জানুয়ারি) যে ২০ লাখ ডোজ টিকা পাঠিয়েছে, সেটিও সেরাম ইনস্টিউটেরই টিকা।

আফগানিস্তানে মুজাহিদগণের হামলায় হতাহত ৪৪, গ্রেফতার ৫

আফগানিস্তানে ইসলামি ইমারতের মুজাহিদগণ আল ফাতাহ অপারেশন অব্যাহত রেখেছেন। এরই ধারাবাহিকতায় কুন্দুস এবং বাগলান প্রদেশে মুরতাদ বাহিনীর বিভিন্ন সামরিক পোস্ট এবং ঘাঁটি সমূহে হামলা চালিয়েছেন।

তালেবানদের আল ইমারাহ সাইটের খবরে জানা যায়, সোম ও মঙ্গলবারের দিবাগত রাত্রে মুজাহিদীনরা কুন্দুস প্রদেশের দাস্তে আর্চি জেলার সংলগ্ন এলাকাযর দুটি ফাঁড়িতে তীব্র আক্রমণ চালিয়েছেন। মহান আল্লাহ তায়ালার নুসরতে বরকতময় হামলায় সেই ফাঁড়িটি দখল করে নেন।আর সেখানে অবস্থানরত মুরতাদ বাহিনীর কমান্ডার আহমদ শাহসহ ২১ নিহত হয়েছে। আহত হয়েছে আরো ৬ জন । এছাড়াও ৩টি সামরিক ট্যাঙ্ক ধ্বংস হয়েছে।

এদিকে, মুজাহিদিন গুল তপ্পা জেলার বাঘ শিরকত সামরিক ঘাঁটির প্রতিরক্ষামূলক চৌকিতে অনুরূপ আক্রমণ চালিয়ে তা দখল করে নিয়েছেন।সেখানে অবস্থানরত ১৮ জন কর্মীকে হত্যা করেছেন।একটি ট্যাঙ্ক ও ধ্বংস করা হয়েছে।

সূত্রের খবরে জানা গেছে, ঐ সমস্ত চেকপোস্ট থেকে মুজাহিদিনরা বিপুল পরিমাণে হালকা ও ভারী অস্ত্র গনিমত লাভ করেছেন।

অন্যদিকে, মুজাহিদীনরা বাঘলান প্রদেশের পুল-এ-খুমরি জেলার বাবা নাজার অঞ্চলে একটি সামরিক ঘাঁটি আক্রমণ করেন এবং দখল করেন। সেখানে অবস্থানরত ৪ মুরতাদ কর্মীকে হত্যা ও ৫ জনকে গ্রেপ্তার করেন। আর অন্যরা পালিয়ে যায়।

কুরআনী অনুশাসন ছাড়া দেশে শান্তি প্রতিষ্ঠা সম্ভব নয়: আল্লামা বাবুনগরী

হাটহাজারী মাদরাসার শায়খুল হাদীস ও শিক্ষা পরিচালক আল্লামা জুনায়েদ বাবুনগরী বলেছেন, কুরআনুল কারীম মানবজাতির জন্য একমাত্র সংবিধান। যতদিন পর্যন্ত দেশে কুরআনের অনুশাসন কায়েম হবে না এবং

কুরআনের বিধান অনুযায়ী দেশ পরিচালিত হবে না, ততদিন পর্যন্ত দেশে শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠিত হবে না। কুরআনের অনুশাসন ছাড়া কস্মিনকালেও দেশে শান্তি প্রতিষ্ঠা সম্ভবও নয়।

গতকাল বুধবার (২০ জানুয়ারি) হেফাজতে ইসলাম বাংলাদেশ নোয়াখালী জেলার উদ্যোগে বেগমগঞ্জ স্টেডিয়াম মাঠে আয়োজিত ইসলামি মহাসম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

আল্লামা বাবুনগরী বলেন, হযরত ওমর ইবনুল আব্দুল আজিজ রহ. কুরআনের বিধান অনুযায়ী দেশ পরিচালনা করেছিলেন তাই তাঁর শাসনামলে সর্বত্র শান্তি-শৃঙ্খলা, ন্যায় ও ইনসাফ প্রতিষ্ঠা হয়েছিলো। মানুষের মধ্যে ইনসাফ কায়েম হওয়ার পাশাপাশি পশুপাখির মধ্যেও ইনসাফ প্রতিষ্ঠিত হয়েছিলো। ওমর ইবনে আব্দুল আজিজ রহ. এর শাসনামলে বাঘ ছাগল একঘাট থেকে পানি পান করতো। বাঘ কখনো ছাগলের উপর হামলা করেনি। কুরআনের অনুশাসন চালু ছিলো বলে হযরত ওমর ইবনে আব্দুল আজিজ রহ. এর শাসনকাল ছিলো শান্তিতে ভরপুর।

সুশিক্ষা জাতীর মেরুদণ্ড উল্লেখ করে আল্লামা বাবুনগরী বলেন, ডারউইনের বিবর্তনবাদ সহ ইসলাম বিরোধী শিক্ষানীতি প্রণয়নের মাধ্যমে আজ শিক্ষাব্যবস্থাকে পঙ্গু করে দেওয়া হচ্ছে। শিক্ষা ব্যবস্থায় ইসলামকে মাইনাস করার সুদূরপ্রসারী ষড়যন্ত্র চলছে। তবে মনে রাখতে হবে ইসলামকে বাদ দিয়ে কোন শিক্ষানীতি এ দেশে বাস্তবায়ন হতে দেওয়া হবে না। দেশপ্রেমিক ও সুনাগরিক তৈরী করতে প্রাথমিক স্তর থেকে শুরু করে সর্বোচ্চ স্তর পর্যন্ত ইসলামি শিক্ষা বাধ্যতামূলক করতে হবে।

আল্লামা বাবুনগরী আরও বলেন, ব্যক্তি জীবন থেকে শুরু করে পারিবারিক, সামাজিক ও রাষ্ট্রীয় পরিমণ্ডল সহ সর্বক্ষেত্রে কুরআনের অনুশাসন চালু হলে দেশে শান্তির বাতাস বইবে। কুরআনের অনুশাসন ছাড়া মানব রচিত কোন আইন, তন্ত্রমন্ত্র আর থিওরী দ্বারাই দেশে শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠা করা যাবে না।

ভারতের ভূখণ্ডে নতুন গ্রাম তৈরি করছে চীন

ভারতের ভূখণ্ডে নতুন গ্রাম তৈরি করেছে চীন। অরুনাচল প্রদেশে সীমান্তের অন্তত সাড়ে চার কিলোমিটার অভ্যন্তরে ১০১টি বাড়ি তৈরি করা হয়েছে। ২০২০ সালের নভেম্বরে তোলা ছবিতে এ গ্রামের অস্তিত্ব পাওয়া যায়। এ ঘটনায় উদ্বেগ বেড়েছে নয়া দিল্লির।

ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভি স্যাটেলাইট ছবি প্রকাশ করে দাবি করেছে, ২০১৯ সালেও ওই এলাকাটিতে কোনো প্রকার বসতি ছিল না। তবে ২০২০ সালের নভেম্বরের ছবিতে গ্রামের অস্তিত্ব ধরা পড়ে। এতে দুই দেশের মধ্যে উত্তেজনা আরও তীব্র হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

তাসরি চু নদীর তীরে ওই গ্রামটি চীনের সেনাবাহিনী বানিয়েছে। দীর্ঘ দিন ধরে ওই অঞ্চলটি নিয়ে ভারত ও চীনের মধ্যে বিরোধ চলে আসছে।

ভারতের সঙ্গে চীনের সীমান্ত নিয়ে কয়েক দশক ধরে উত্তেজনা চলে আসছে। সর্বশেষ গত বছরের জুনে লাদাখ উপত্যাকায় প্রতিবেশী দুই দেশের সেনাদের মধ্যে সংঘর্ষ হয়। এতে ২০ ভারতীয় সেনা নিহত হয়। তবে চীনের পক্ষ থেকে হতাহতের খবর প্রকাশ করা হয়নি।

অরুনাচলে চীনের নতুন গ্রাম নিয়ে দিল্লির পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে বলা হয়েছে, গত কয়েক বছরে চীন নিয়ন্ত্রণ রেখা বরাবর পরিকাঠামো তৈরি করে চলছে। সম্প্রতি কিছু প্রমাণ পাওয়া গেছে।

সূত্র: যুগান্তর

‘আলেমদের কণ্ঠরোধ করতে বিভিন্ন পদক্ষেপ নিচ্ছে সন্ত্রাসী পুলিশ’

ওয়াজ মাহফিলে আলেমদের বক্তব্যকে নিয়ন্ত্রণ করতে বিভিন্ন পদক্ষেপ নিচ্ছে সন্ত্রাসী পুলিশ।

পুলিশের কাউন্টার টেররিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি) ইউনিটের প্রধান মনিরুল ইসলাম জানায়, আলেমদের নিয়ে পুলিশ ভাবছে।

সে বলেছে, ‘আমরা লক্ষ্য করেছি যে সম্প্রতি ওয়াজ মাহফিলে কিছু বক্তা ইসলামের পাঁচ স্তম্ভ নিয়ে আলোচনা না করে নারীদের নিয়ে বক্তৃতা দেন।’

ঢাকার আগারগাঁওয়ে ইসলামিক ফাউন্ডেশনের ‘সহিংসতা ও চরমপন্থা প্রতিরোধে ইসলামিক বিজ্ঞজনদের ভূমিকা’ শীর্ষক এক সেমিনারে প্রধান বক্তা হিসেবে সে এসব বলেছে।

গতকাল সুপ্রিম কোর্টের এক আইনজীবী ওয়াজ মাহফিল ও ধর্মীয় বক্তৃতায় ‘রাষ্ট্রবিরোধী’ বক্তব্য নিষিদ্ধ করে।

আইনজীবী মো. মাহমুদুল হাসান আইনি নোটিশে বলেন, ৩০ দিনের মধ্যে ব্যবস্থা না নিলে তিনি এ বিষয়ে নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট করবে।

রোহিঙ্গা ক্যাম্পে দ্বিতীয় দফায় ভয়াবহ অগ্নিকান্ড

সাতদিনের ব্যবধানে রোহিঙ্গা ক্যাম্পে দ্বিতীয় দফা আগুনে ভস্মীভূত হয়ে গেছে বেশকিছু লার্নিং সেন্টার।

সোমবার দিবাগত রাত ৩টার দিকে আগুনের সূত্রপাত হয়। প্রত্যক্ষদর্শীরা জানান, ক্যাম্পে রাত ৩টার সময় আগুন লাগে। সবাই মিলে আগুন নিয়ন্ত্রণের চেষ্টা করেছে কিন্তু পানি না থাকায় তারা ব্যর্থ হন। তবে রাত ৩টা

৪৫ মিনিটে ফায়ার সার্ভিস স্থানীয় ও রোহিঙ্গাদের সহযোগিতায় আগুন নিয়ন্ত্রণে আনে। ততক্ষণে চার শিশু শিক্ষা কেন্দ্র (লার্নিং সেন্টার এল সি) পুড়ে ছাই হয়ে যায়।

ভয়াবহ ওই আগুনে পুড়ে লার্নিং সেন্টারের ১০ লাখ টাকার ক্ষতি হয়েছে।
সূত্র: মানবজমিন

ভারতে ঘুমন্ত শ্রমিকদের ওপর উঠে গেল ট্রাক, নিহত ১৫

ভারতের গুজরাট রাজ্যের সুরাটে গত মঙ্গলবার সকালে এক দুর্ঘটনায় ১৫ জন শ্রমিক নিহত হয়েছে। তারা একটি রাস্তার কাছে ঘুমিয়ে ছিল। সে সময় দ্রুত গতির একটি ট্রাক ওই শ্রমিকদের ওপর উঠে যায়। এতে ঘটনাস্থলেই নিহত হন ১২ জন এবং হাসপাতালে নেয়ার পর আরও তিনজনের মারা যান। খবর এনডিটিভির।

মঙ্গলবার সকালে সুরাট থেকে ৬০ কিলোমিটার দূরের কোসাম্বা গ্রামের কাছে ওই দুর্ঘটনা ঘটেছে। মালামাল বহনকারী একটি ট্রাক ঘুমিয়ে থাকা শ্রমিকদের ওপর দিয়ে চলে গেছে। কিম মান্দভি রাস্তার ধারে ওই শ্রমিকরা ঘুমিয়ে ছিল।

দুর্ঘটনায় ৮ শ্রমিক আহত হন। তাদের হাসপাতালে ভর্তির পর আরও তিনজনের মৃত্যু হয়। পুলিশ জানিয়েছে, দুর্ঘটনায় মোট নিহত হয়েছেন ১৫ জন।

২০শে জানুয়ারি, ২০২১

রামমন্দিরের জন্য চাঁদা সংগ্রহের নামে মুসলিমদের উপর গেরুয়া সন্ত্রাসীদের হামলায় নিহত ১

অযোধ্যায় রামমন্দির নির্মাণের চাঁদা সংগ্রহের নামে গুজরাতে মুসলিমদের উপর গেরুয়া সন্ত্রাসীরা হামলা চালিয়েছে।

মধ্যপ্রদেশ, উত্তরপ্রদেশে হামলার পর এবার মোদির রাজ্য গুজরাট। রবিবার রাম মন্দিরের জন্য অর্থ সংগ্রহের নামে মিছিল বের করে সন্ত্রাসবাদী সংস্থা বিশ্ব হিন্দু পরিষদ। এই মিছিল বরাবরের মতো অন্যান্য মিছিলের মতোই তার স্বরূপ এবং জঘন্য উদ্দেশ্য প্রকাশ করে তাদের মূল টার্গেট মুসলিম অধ্যুষিত এলাকায় গিয়ে। সেখানে গিয়ে আগুন ধরিয়ে দেয়া হয় মুসলিমদের বাড়িঘর এবং দোকানে, জ্বালিয়ে দেয়া হয় বহু যানবাহন,

হামলা করা হয় মুসলিমদের উপরে। উগ্র গেরুয়া সন্ত্রাসবাদীদের হামলায় এখনো পর্যন্ত ১ ব্যক্তির মৃত্যুর খবর পাওয়া গেছে আহত হয়েছেন বহু মানুষ।

https://twitter.com/i/status/1350891162295406593

গত রবিবার গুজরাটের উত্তর-পশ্চিম অংশের কচ্ছ অঞ্চলের কিদানা গ্রামে রাম মন্দিরের জন্য অর্থ সংগ্রহের নামে মিছিল বের করে বিশ্ব হিন্দু পরিষদ। পুলিশের অনুমতি ছাড়াই বের করা এই মিছিলে বাধা দেয়নি মালাউন পুলিশ। মিছিল বহু পথ অতিক্রম করে তাদের মূল নিশানা মুসলিম অধ্যুষিত এলাকায় এসে মসজিদের সামনে জোরে জোরে "জয় শ্রীরাম" স্লোগান সহ অনেক আপত্তিকর এবং উত্তেজনা সৃষ্টিকারী স্লোগান দিতে থাকে। তারপর হামলা চালানো হয় মুসলিমদের ঘরবাড়িতে। মিছিলকারীদের হাতে ছিল লাঠি তরোয়ালসহ বিভিন্ন মারামারি করার সামগ্রী।

স্থানীয়দের অভিযোগ, তলোয়ার, লাঠিসোটা নিয়ে রথযাত্রায় পা মিলিয়েছিল অনেকেই। কিন্তু এলাকায় মসজিদের পাশ দিয়ে যাওয়ার সময় জোরে জোরে স্লোগান দিতে শুরু করে তাঁরা। তাতেই এলাকাবাসীর সঙ্গে সঙ্ঘর্ষ বেধে যায়। এলোপাথাড়ি তরোয়াল, লাঠি যেমন চলতে থাকে, তেমনই পরস্পরকে লক্ষ করে শুরু হয় ইটবৃষ্টি।

পরে রাতের দিকে পরিস্থিতি নিয়ন্ত্রণে এলে ঘটনাস্থল থেকে ২০০ মিটার দূরে এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার হয়। কচ্ছ (ইস্ট) পুলিশের সুপারিন্টেনডেন্ট ময়ূর পাটিল জানিয়েছে, ওই এলাকা দিয়ে রথযাত্রা নিয়ে যাওয়ার অনুমতি নেয়নি ভিএইচপি।

তবে গুজরাতেই নয়, রামমন্দির নির্মাণের জন্য চাঁদা তোলা ঘিরে মধ্যপ্রদেশের উজ্জয়িনী, ইন্দোর এবং মন্দসৌর-সহ দেশের আরও অনেক জায়গায় মুসলমানদের উপর হামলার খবর পাওয়া গিয়েছে।

সূত্র: আনন্দ বাজার, এনডিটিভি

গণধর্ষণের শিকার প্রতিবন্ধী কিশোরীও

ফরিদগঞ্জে শ্রবণ প্রতিবন্ধী কিশোরীকে গণধর্ষণ করা হয়েছে। উপজেলার সুবিদপুর পশ্চিম ইউনিয়নের সৈয়দপুর গ্রামে এ গণধর্ষণের ঘটনা ঘটে।

থানায় দায়েরকৃত অভিযোগ সূত্রে জানা যায়, গত ১৮ জানুয়ারি বিকেলে শ্রবণ প্রতিবন্ধী কিশোরী বুকের ব্যথার ওষুধ কেনার জন্য বাড়ি থেকে বের হন। এ সময় একই বাড়ির জামাল হোসেনের ছেলে ইজি বাইকচালক টিটু কৌশলে তাকে ইজিবাইকে তুলে পাশের একটি বাগানে নিয়ে যান এবং ধর্ষণ করেন। পরে সেখান থেকে ইজি

বাইকে করে স্থানীয় ইউনিয়ন পরিষদ ভবনের পাশে আরেকটি বাগানে নিয়ে যান। রাত হয়ে গেলে টিটু ও তার সহযোগীরা পালাক্রমে গণধর্ষণ করেন। ধর্ষণ শেষে তাকে বাগানের পাশে ফেলে রেখে যায় তারা। পরে আশপাশের লোকজন টের পেয়ে তাকে উদ্ধার করে বাড়িতে পৌঁছে দেয়। বাড়ি ফিরে তিনি পরিবারের লোকজনকে এ ঘটনা জানান। এ দিকে বিষয়টি স্থানীয়ভাবে মীমাংসার জন্য চেষ্টা করেন কিছু প্রভাবশালী।

আমাদের সময়

ডিআইজি মিজানের বিরুদ্ধে আরও একজনের সাক্ষ্য

জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের মামলায় পুলিশের উপমহাপরিদর্শক (ডিআইজি) মিজানুর রহমানের বিরুদ্ধে আরও একজন আদালতে সাক্ষ্য দিয়েছেন। তাঁর নাম কাজী ইয়াদ। তিনি কর অঞ্চল ১৪–এর প্রধান সহকারী হিসেবে কর্মরত। ২৬ জানুয়ারি মামলার পরবর্তী সাক্ষ্য গ্রহণের দিন ঠিক করেছেন আদালত।

আজ মঙ্গলবার ঢাকার বিশেষ জজ আদালত-৬–এর বিচারক আল আসাদ মো. আসিফুজ্জামান এই দিন ঠিক করেন। এই সাক্ষীর সাক্ষ্য গ্রহণের মধ্য দিয়ে মামলার ৩৩ জন সাক্ষীর মধ্যে ৫ জনের সাক্ষ্য গ্রহণ শেষ হয়েছে।

এ মামলায় জব্দ তালিকার সাক্ষী কাজী ইয়াদ আদালতকে বলেন, ২০১৯ সালের ৯ জুলাই দুদকের কর্মকর্তা মঞ্জুর মোর্শেদের চাহিদা অনুযায়ী তিনি কাগজপত্র উপস্থাপন করেন। সেই কাগজপত্র তিনি (মঞ্জুর) জব্দ করেন। ওই সব কাগজপত্র ছিল মিজানুর রহমানের আয়কর বিবরণীর দলিল।

অনুসন্ধানে প্রাপ্ত তথ্য পর্যালোচনায় দেখা যায় যে ডিআইজি মিজান তাঁর অপরাধলব্ধ অর্থ দিয়ে নিকটাত্মীয়দের নামে সম্পদ কিনে তা কৌশলে নিজে ভোগদখল করেন।

এর আগে এই মামলার বাদী দুদক পরিচালক মঞ্জুর মোর্শেদ আদালতকে বলেন, দুর্নীতির মাধ্যমে জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগে ডিআইজি মিজানুর রহমানের বিরুদ্ধে অনুসন্ধান শুরু হয়। প্রাথমিক অনুসন্ধানে দুর্নীতির মাধ্যমে সম্পদ অর্জনের অভিযোগ পাওয়ার পর তাঁকে সম্পদের হিসাব দেওয়ার জন্য নোটিশ দেওয়া হয়। তিনি ২০১৮ সালের ১ আগস্ট দুদকে সম্পদের হিসাব জমা দেন। সেখানে তিনি মোট ১ কোটি ১০ লাখ ৪২ হাজার ২৬০ টাকার স্থাবর সম্পদ এবং ৪৬ লাখ ২৬ হাজার ৭৫২ টাকার অস্থাবর সম্পদের হিসাব দেখান। জমা দেওয়া সম্পদের হিসাব যাচাই করার জন্য ২০১৮ সালের ১৩ জুন তিন সদস্যের একটি কমিটি গঠন করা হয়।

অনুসন্ধানে প্রাপ্ত তথ্য পর্যালোচনায় দেখা যায় যে ডিআইজি মিজান তাঁর অপরাধলব্ধ অর্থ দিয়ে নিকটাত্মীয়দের নামে সম্পদ কিনে তা কৌশলে নিজে ভোগদখল করেন।

পরে জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগে ২০১৯ সালের ২৪ জুন মিজানসহ চারজনের বিরুদ্ধে মামলা করেন দুদকের পরিচালক মঞ্জুর মোর্শেদ।

মামলার অন্য আসামিরা হলেন মিজানের স্ত্রী সোহেলিয়া আনার রত্না, তাঁর ছোট ভাই মাহবুবুর রহমান এবং ভাগনে মাহমুদুল হাসান। মামলায় আসামিদের বিরুদ্ধে ৩ কোটি ২৮ লাখ ৬৮ হাজার টাকার অবৈধ সম্পদ অর্জন ও ৩ কোটি ৭ লাখ ৫ হাজার টাকার সম্পদের তথ্য গোপনের অভিযোগ আনা হয়। মামলাটি তদন্ত করে গত বছরের ৩০ জানুয়ারি ডিআইজি মিজানসহ চারজনের বিরুদ্ধে আদালতে অভিযোগপত্র দেওয়া হয়।

৪০ লাখ টাকা ঘুষ লেনদেনের অভিযোগে মিজানের বিরুদ্ধে আরও একটি মামলার বিচার ঢাকার বিশেষ জজ আদালত-৪–এ চলমান। মামলার অন্য আসামি হলে দুদকের বরখাস্ত হওয়া পরিচালক খন্দকার এনামুল বাছির। ওই মামলার বাদী দুদক পরিচালক শেখ মো. ফানাফিল্যা আদালতে বলেছিলেন, আসামি খন্দকার এনামুল বাছির দুদকের কর্মকর্তা হয়ে ক্ষমতার অপব্যবহার করে ডিআইজি মিজানুর রহমানকে অবৈধ সুবিধা দেওয়ার জন্য ৪০ লাখ টাকা ঘুষ নেন। প্রথম আলো

‘নৌকার প্রার্থীকে ভোট দিলে কেন্দ্রে আসবে, না দিলে আসার দরকার নাই’

বগুড়ার গাবতলী পৌরসভা নির্বাচনে নৌকার প্রার্থীকে ভোট না দিলে কেন্দ্রে আসার দরকার নেই বলে ‘হুমকি’ দিয়েছেন জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি সাজেদুর রহমান। এ জন্য তিনি নেতা–কর্মীদের ভাগ হয়ে প্রতিটি কেন্দ্রে দায়িত্ব পালনের ‘নির্দেশ’ বলেছেন, ধানের শীষ নিয়ে যে কথা বলবে তাঁর ওপর গজব হবে।

সাজেদুর রহমান জেলার শাজাহানপুর উপজেলার খড়না ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানও। তিনি ভিপি সাহিন নামেও পরিচিত। গত শনিবার সন্ধ্যায় গাবতলী পৌরসভা নির্বাচন উপলক্ষে দাঁড়াইল বাজারে অনুষ্ঠিত নৌকা প্রতীকের মেয়র প্রার্থী মোমিনুল হকের নির্বাচনী কর্মিসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এমন নির্দেশ দেন। ঘরোয়া ওই সভায় উপস্থিত কর্মীরা সাজেদুর রহমানের বক্তব্যের ভিডিও মুঠোফোনে ধারণ করেন। সেই ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে।

এ ঘটনার পর গাবতলী পৌরসভায় বিএনপির সমর্থিত মেয়র প্রার্থী সাইফুল ইসলাম সুষ্ঠু নির্বাচন হওয়া নিয়ে শঙ্কা প্রকাশ করে ভোটারদের হুমকি দেওয়ার ভিডিওর সিডিসহ আজ মঙ্গলবার রিটানিং কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ করেছেন।

রিটার্নিং কর্মকর্তা ও গাবতলী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোছা. রওনক জাহান ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, মেয়র প্রার্থী মোমিনুল হকের নির্বাচনী সভায় তাঁর পক্ষে একজন নেতার ভোটারদের হুমকি দিয়ে বক্তব্যের সিডিসহ লিখিত অভিযোগ পেয়েছেন। নির্বাচনী আচরণ বিধিমালা ভঙ্গের দায়ে নৌকার প্রার্থীসহ বক্তব্যদাতাকে কারণ দর্শানোর নোটিশ পাঠানো হবে।

২ মিনিট ১৬ সেকেন্ডের ওই ভিডিওতে দেখা গেছে, বগুড়ার আঞ্চলিক ভাষায় নেতা–কর্মীদের উদ্দেশে সাজেদুর রহমান বলেন, 'আপনারা প্রত্যেকটা ইউনিটের নেতা-কর্মীদের আনে সেন্টার ভাগ করে দিবেন। সেখানে একজনকে কমান্ডার ব্যানা (বানিয়ে) দিবেন। সেই কমান্ডারের নেতৃত্ব চলবে, সেখানে শিলুক (নৌকার প্রার্থীর ডাক নাম শিলু) ভোট দিলে সেই লোক আসবে, শিলুক ভোট না দিলে তাঁর আসার দরকার নাই।' এ সময় নেতা-কর্মীরা 'ঠিক ঠিক' বলে সমস্বরে চিৎকার করেন। এরপর সাজেদুর রহমান বলেন, 'ঘরের লোক ঘরতই থাক।'

এরপর সাজেদুর রহমান বলেন, 'কথাটা যেহেতু ঘরের ভিতর, সবাই আমার কর্মী, কর্মীদের এই কথাটা ম্যাসেজ দিলাম। এটা করবেন আপনারা?' এ সময় নেতা-কর্মীরা সমস্বরে 'হ্যা' ও 'অবশ্যই' বলে উত্তর দিলে সাজেদুর প্রশ্ন করেন, 'এখন কী মার খাওয়ার সময় আছে?' নেতা-কর্মীরা 'না' বলে জবাব দিলে তিনি বলেন, 'মার দেওয়ার সময় আছে। আমরা মারব ধানের শীষের মার্কা লিয়্যা যে কথা বলবে, তাঁর ওপর গজব হবে। কথাটা বুঝাতে পারছি?'

নেতা–কর্মীদের উদ্দেশে এই নেতা আরও বলেন, যেভাবে গাবতলী উপজেলা পরিষদের চেয়ারম্যান করেছেন, সেভাবেই পৌরসভার মেয়রও করা হবে। তাঁরা মেয়রে দাঁড়িয়েছেন, মেয়র নেবেন। কথা একটাই। তারেক জিয়া এখানে দাঁড়াল, না খালেদা জিয়া দাঁড়াল, সেটা দেখার বিষয় না। নেতা–কর্মীরা যদি তাঁর নির্দেশমতো কাজ করতে পারেন তাহলে মেয়র হবে। না হলে এই গাবতলীতে কোনো প্রতিনিধি (আ. লীগ থেকে) হওয়ার সুযোগ নেই। প্রথম আলো

ইসরায়েলে টিকা নিয়ে ১৩ জনের মুখমণ্ডল বিকৃত

ইসরায়েলে করোনার টিকা নেওয়ার পর অন্তত ১৩ জনের মৃদু ফেসিয়াল প্যারালাইসিস হয়েছে। টিকা নেওয়ার পার্শ্বপ্রতিক্রিয়া হিসেবে এমন হয়েছে বলে মনে করা হচ্ছে। দেশটির স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, করোনার টিকা নেওয়ার পর এ ধরনের পার্শ্বপ্রতিক্রিয়া পাওয়া ব্যক্তির সংখ্যা হয়তো আরও বেশি। খবর এএফপির।

এর ফলে ওইসব লোকদের করোনা টিকার দ্বিতীয় ডোজ দিতে বিশেষজ্ঞরা শঙ্কিত। যদিও দেশটির স্বাস্থ্য মন্ত্রণালয় তাদের মুখমণ্ডল ঠিক হতে আবার করোনার টিকা দিতে চাইছে।

এক ব্যক্তি ইসরায়েলের সংবাদমাধ্যম ইয়নেটকে বলেন, অন্তত ২৮ ঘণ্টা আমার মুখমণ্ডল বিকৃত ছিল। তবে এরপর সেরে গেছে। নরওয়েতে ফাইজারের টিকা নেয়া ২৩ জনের মৃত্যুর ঘটনার পর নতুন করে আবারও শংকাজনক খবর এলো।

দামেস্কে ৯০ বছর বয়সে উসমানীয় সিংহাসনের শেষ উত্তরাধিকারীর ইন্তেকাল

অবলুপ্ত উসমানীয় খেলাফতের শেষ উত্তরাধিকারী শাহজাদা দুনদার আবদুল করিম ওসমানওলু ইন্তেকাল করেছেন। সোমবার রাতে সিরিয়ার রাজধানী দামেস্কে ৯০ বছর বয়সে তিনি ইন্তেকাল করেন বলে পরিবার এক বিবৃতিতে জানিয়েছে।

